

Provision Relating to Hat-Bazar  
under Sec. 20(2) S.A.&T. ACT, 1950 (Extract)

♦♦ ♦♦ ♦♦ ♦♦ ♦♦ ♦♦ ♦♦

Section 20

20(2). Notwithstanding anything contained in any other Law for the time being in force or in any instrument or in any judgement or decree or order of any Court lands of the classes referred to in the Clauses (a) and (b) of Sub-section (2) do not include and shall be excluded:-

অষ্টম অধ্যায় :

হাটবাজার ব্যবস্থাপনা

- (i) any land or
- (ii) any fishery other than a tank constructed solely by process of excavation, or
- (iii) any land consisting of forest, or
- (iv) any land actually in use for a ferry.

♦♦ ♦♦ ♦♦ ♦♦ ♦♦ ♦♦ ♦♦

9

## Provision Relating to Hat-Bazar

### under Sec. 20(2) S.A&T. ACT, 1950 (Extract)

◆◆ ◆◆ ◆◆ ◆◆ ◆◆ ◆◆ ◆◆

#### Section 20

2(2a). "Notwithstanding anything contained in any other Law for the time being in force or in any instrument or in any judgement or decree or order of any Court lands of the classes referred to in the Clauses (a) and (b) of Sub-section (2) do not include and shall be deemed never to have included-

- (i) any land or building in a hat or bazar, or
  - (ii) any fishery other than a tank constructed solely by process of excavation, or
  - (iii) any land consisting of forest, or,
  - (iv) any land actually in use for a ferry".
- ◆◆ ◆◆ ◆◆ ◆◆ ◆◆ ◆◆ ◆◆

Ordinance No. XIX of 1959.

**THE HATS AND BAZARS (ESTABLISHMENT  
AND ACQUISITION) ORDINANCE, 1959.**

*An Ordinance to control the establishment of hats and bazars and acquire certain hats and bazars already established.*

Whereas it is expedient to make provisions for controlling the establishment of hats and bazars and for the acquisition of the hats and bazars established after the final publication of the Compensation Assessment-roll under section 42 of the East Bengal State Acquisition and Tenancy Act, 1950 ;

Now, Therefore, in pursuance of the Presidential Pro-clamation of the 7th day of October, 1958 and in exercise of all powers enabling him in that behalf, the Governor is pleased to make and promulgate the following Ordinance, namely :-

1. (1) This Ordinance may be called the Hats and Bazars (Establishment and Acquisition) Ordinance, 1959. It shall come into force at once.

*Short title  
extent and  
commencement*

2. (1) No person shall establish any hat or bazar except after obtaining a licence for that purpose from the Collector in such form as may be prescribed by rules made under this Ordinance.

*Licence to be  
obtained for  
establishment  
of hats and  
bazars.*

(2) Any hat or bazar established in contravention of the provision of sub-section (1) including the land on which such hat or bazar is established and all interests therein shall be forfeited to the Provincial Government.

(3) An order passed by the Collector under sub-section (1) shall be final.

3. (1) Notwithstanding anything contained in any other law for the time being in force, the Provincial Government may, by notification in the Official Gazette, acquire with effect from such date as may be specified in that notification, any hat or bazar established in any area after the final publication of the Compensation Assessment-roll under section 42 of the East Bengal State Acquisition and Tenancy Act, 1950, in respect of that area, on payment of compensation at the rate provided for in clause (b) of sub-section (1) of section 39 of the said Act.

*Power of  
Provincial  
Government to  
acquire hats  
and bazars and  
determination  
of  
compensation.*

(2) On and from the date specified in the notification under sub-section (1) in respect of any hat or bazar, such hat or bazar shall vest in the Provincial Government free from all encumbrances.

(3) The compensation payable under sub-section (1) shall be determined and paid to person or persons interested by the Collector in such manner as may be prescribed by rules made under this Ordinance.

(4) An appeal against the order of the Collector under sub-section (3), if preferred within 30 days of the date of the order, shall lie to the Commissioner of the Division.

(5) An order of the Commissioner passed under sub-section (4) and subject only to such order, an order of the Collector passed under sub-section (3) shall be final.

**Interpretation**

4. All work and expressions used in this Ordinance and defined in the East Bengal State Acquisition and Tenancy Act, 1950, shall have meanings respectively assigned to them by that Act.

**Rule-making power.**

5. The Provincial Government may make rules for carrying out the purposes of this Ordinance.

6

**Office of the Board of Revenue  
Dacca**

No. 512(18)-93/68-S.M. Dated Dacca, the 27th April, 1970.

From : Secretary  
Board of Revenue, Dacca.

To : The Deputy Commissioner, .....

**Sub : Establishment of new Hats and Bazars.**

The undersigned is directed to convey, for information and guidance of the local officers concerned, the following instructions relating to the establishment of hats and bazars :-

- (1) Only the Deputy Commissioner is competent to establish a new hat or bazar if any autonomous body or local authority proposes to establish a hat or bazar on its land. It is required to obtain prior permission as per provision of the Ordinance. No. XIX of 1959 as amended by Act XII of 1967.
- (2) In case of establishment of a new hat or bazar by the Deputy Commissioner, the following principles should be strictly observed :-
  - (a) A plan should be prepared showing the space to be kept vacant for squatters making adequate provision for future expansion of the area required for this purpose.
  - (b) For establishment of permanent shops and small industries suitable area outside the periphery of the vacant space may be leased out in a planned manner to private parties on short term lease, with no permanent right and title and subject to a condition in the lease deed that the Deputy Commissioner would be competent to determine the lease and resume the land any time, if required for any public purpose, without payment of any compensation.
  - (c) No person shall be allowed to raise any structure in the vacant space earmarked for squatters. The Deputy Commissioner will provide necessary sheds in this space for the benefit of the squatters.
  - (d) Wide roads should be provided for smooth movement of the shoppers within the vacant space with necessary approach roads thereto. Similar roads should also be provided in the area earmarked for permanent shops and industries.
  - (e) Tube-wells, drains and latrines should also be provided in these hats and bazars.

*Secretary,  
Board of Revenue, Dacca  
27.4.70*



**Office of the Board of revenue, Dacca.**

Memo No. VII-I/62-SAO/232(18)-dated 27.4.70

To

The Deputy Commissioner, Faridpur.

The undersigned is directed to say that it has been decided that the periphery of every hat or bazar in all the districts should be determined afresh showing the same in a map to be prepared by the surveyor under direct supervision of the Field Kanungo and the Circle Officer, (Rev). In doing so, only the vacant space meant for buying and selling of jute, paddy, rice, fish, vegetable, fowl, cattle etc in a hat or bazar, where the buyers and sellers assemble on a market day, should be included in the area within the periphery as non-retainable land u/s 20 (2a) of the E.B.S.A. & T Act, 1950. The permanently settled chandina tenancies outside the periphery so determined should be left undisturbed. Permanent shops with the right of chandina, tenancy created prior to acquisition of all rent receiving interests by Govt. falling within the periphery should be taken to see that permanent chandina tenancies are not un-necessarily included in the periphery except in unavoidable cases. In case of any difficulty or confusion in the matter of determining this periphery, the Director of Land Records and Surveys will on request, render all possible help to the district Authorities.

A miscellaneous case should be started in respect of each hat/bazar and the periphery should be finally approved by the A.D.C. (Rev.)/R.D.C. after considering the report of the local officers and the map prepared by the Surveyor. Thereafter, the map, showing the new periphery should be compared with the map prepared by the settlement department during S.A. operation.

The Comparison of the new periphery now determined with the old one determined by the settlement department during the S.A. operation may reveal discrepancies of the following nature on which action should be taken as suggested in each case :-

i) The new periphery may cover a smaller area than that shown by the settlement Deptt. In that case the area falling outside the new periphery but within the old one, has to be released from acquisition of the Roll which has already been prepared and finally published for acquisition on the same. The relevant C.A. Rolls should be cancelled u/s 40 of the Act. and the tenancies restored in the names of the legitimate owners. Arrear rents of these tenancies at the pre-acquisition and existing rent should be realised from the tenants concerned for the period from the date of acquisition upto 1370 B.S. Now rents should also be assessed for these tenancies at the rate of rent determined by the settlement deptt. during

S.A. operation for the non-agricultural lands in the same block. The newly assessed rent will come into force with effect from the year next following the year of assessment.

ii) It may be noted that no C.A. rolls have been prepared for acquisition of chandina tenancies falling within both the old and new peipheries. This should now be done u/s 40 of the Act and payment made to the ex-owners.

Care should be taken to see that no area is excluded from acquisition of which compensation had already been paid and recovered by the assessee.

He is requested to take immediate action on the above lines with a report of compliance to the Board within 3 months from hence.

**Sd/- S.A. Salam**

**E.P.C.S.**

**Secretary, Board of Revenue**

৯

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH  
MINISTRY OF LOCAL GOVERNMENT, RURAL DEVELOPMENT  
AND CO-OPERATIVES  
(Section IV).

Memo. No. S0IV/IU-4/78/629(83)

Dated 2nd November 1978.

To

- (1) The Commissioner, ..... (all).
- (2) The Deputy Commissioner, ..... (all).
- (3) The Subdivisional Officer, ..... (all).

**Subject : Transfer of Hats, Bazaars, Ferries and Ponds/Tanks to Union Parishads/Pourashavas and Dacca Municipal Corporation.**

Considering the urgent need of making the Union Parishads, Pourashavas and the Dacca Municipal Corporation as financially viable Local Government Institutions the Government have decided that as a means to augment their financial resources, all Hats, Bazaars, Ferries and Ponds/Tanks irrespective of their annual income falling within the geographical boundary of Union Parishads, Pourashavas and the Dacca Municipal Corporation will be immediately transferred in the manner as stated below. No further lease of Government owned Hats and Bazaars will be given to any individual or others henceforth.

1. (i) Hats, Bazaars, Ferries and Ponds/Tanks, which are situated within the geographical boundary of the particular Union Parishads/Pourashavas/Corporation and cater to the needs of that locality, will be transferred to the concerned Local Bodies.
- (ii) Hats, Bazaars, Ferries and Ponds which are comparatively bigger in size and fetch a larger income and geographically serve a number of Unions/Thanas/Pourashavas will be transferred to the Union Parishads/Pourashavas where it is situated. But its Managing Committee will be composed of chairmen or members duly nominated by the Union Parishads it serves and representatives of traders and shopkeepers of Hats and Bazaars. Chairman of the Union Parishads/Pourashavas where the Hat and Bazaar are situated will act as Chairman of the Managing Committee.
- (iii) In case of smaller Hats and Bazaars, Ferries and Ponds entire annual income will go to the fund of the concerned Union Parishads/Pourashavas where these are situated and managed by that particular Parishad/Pourashava/corporation. After meeting the needed expenditures on their maintenance and development, rest of the income will be utilized for general development activities within Union Parishad/Pourashava areas.



(iv) But in the case of larger Hats and Bazaars the Managing Committee as mentioned in 1 (ii) above will be responsible for collection of revenue and after meeting necessary expenditure on their maintenance, development and management, rest of the fund will be equally distributed to the participating Union parishads/Pourashavas.

(v) 1% (one) percent of the annual income out of the transferred Hats, Bazaars, Ferries, Ponds and Tanks will be paid by Union Parishads, Pourashavas/Corporation as annual premium to the Ministry of Land Administration and Land Reforms.

2. (i) Hats and Bazaars, which are now under litigation, would be transferred to concerned Union Parishads/Pourashavas/Corporation after the court cases have been settled. The Local Bodies will take the initiative in this regard and if possible should settle the disputes locally.

(ii) Hats and bazaars that have already been give on lease to private persons and others will be transferred to the concerned Union Parishads, Pourashavas/Corporation after the expiry of the present lease term. Efforts would, however, be made to get the Hats and Bazaars out of the lease on negotiation and given to the Local Bodies earlier where possible.

3. All Ferry ghats irrespective of their annual income except those belonging to the Roads & Highways Department, the Zila Parishads, and I.W.T.A. will be transferred to Union Parishads, Pourashavas or Corporation as the case may be.

4. (i) All Government owned Ponds/Tanks with embankment having an area of two acres and below at the bottom will be transferred to Union Parishads and Pourashava/Corporation falling within their geographical boundary. Henceforth no lease of aforesaid Ponds/Tanks will be made to others.

(ii) Union Parishads, Pourashavas/Corporation will pay 1% (one) percent of the annual income accrued from transferred Ponds/Tanks to the Ministry of Land Administration and Land Reforms as annual premium.

(iii) Government owned Ponds/Tanks already given on lease to others will be transferred to Union Parishads/Pourashavas/Corporation on expiry of the present lease term or earlier if possible after negotiation with the party.

5. The present arrangement will be to transfer these Hats, Bazaars, Ferries and Ponds/Tanks to Union Parishads, Pourashavas/Corporation for a period of 9 (nine) years on lease on a token payment of annual premium as stated above. On the basis of the performance of the Union Parishads, Pourashavas/Corporation in managing the transferred Hats, Bazaars, Ferries and Ponds/Tanks, a longer period of lease of them will be considered. An evaluation on this will be made after 5 (five) years.

6. The Union Parishads, Pourashavas/Corporation will manage the transferred Hats, Bazaar, Ferries and Ponds/Tanks through Managing Committees or lease out on auction or through negotiation to youth Co-operatives. In case of Hats, Bazaars, Ferries and Ponds/Tanks auction to private parties would need prior clearance from prescribed Authorities.
7. Union Parishads, Pourishavas/Corporation will be responsible for the maintenance and development of the Hats, Bazaars, and Ferries. A fixed percentage of annual income out of transferred Hats, Bazaars and Ferries to be decided by the Managing Committee, shall be apportioned for the purpose and will be reflected in the annual budget of concerned Union Parishad, Pourashava/Corporation.
8. Maintenance and development of Ponds/Tanks will be the responsibility of the youth Co-operatives to whom these will be leased out.
9. All concerned are, therefore, requested to take necessary action to implement the above decisions of the Government immediately.

**Sd/- Khorshed Alam**

2-11-78

Secretary,

Ministry of Local Government

Rural Development & Co-operatives.

Memo No. S-IV/IU-4/78/629/1/(5525),

Dated 2nd November 1978.

Copy forwarded for information and necessary action to the-

1. Mayor, Dacca Municipal Corporation.
2. Joint Secretary-I/II of this Ministry.
3. P.S. to the Honorable President.
4. P.S. to the Hon'ble Minister-in-charge of this Ministry.
5. P.S. to the Hon'ble Minister-in-charge of the Ministry of L.A. & L.R.
6. Circle Officer (Dev), ..... Dist..... (all).

He is requested to arrange a special meeting of Thana Parishad and explain this circular to Chairmen of Union parishads. A Bengali version of the circular follows.

7. P.S. to the Secretary, Ministry of L.G.R.D & Co-operatives.
8. P.S. to the Secretary Ministry of L.A. & L.R.

**Sd/- M.A. Mujib Chowdhury**

2-11-78

Deputy Secretary.

**Govt. of the People's Republic of Bangladesh**  
**Ministry of land Admn. and Land Reforms**  
**Land Admn. and Land Reforms Division.**  
**Section VIII.**

Memo No. VIIIS-55/81/343(2)-S.M.

Date : 27.4.82

To : The Deputy Commissioner,  
 Mymensingh/Tangail.

Sub : Lincence for Chandina Bhiti in Hat/Bazars.

Ref : (a) Memo No. 1487-SA.G/W dated 5.10.81 from A.D.C (Rev), Mymensingh.

(a) Memo No. 428-SA, dated 28.1.82 from A.D.C. (Rev), Tangail.

In inviting a reference to the proceedings of the meeting held on 10.5.80 and sent to him under this Ministry's No. 373-VII-16/74, dated 12.7.80 the undersigned is directed to say that settlement of Chandina Bhitis, permanent or temporary, was barred from 1961 and hence the question of fresh settlement does not arise.

With the transfer of all hats/bazars to the Union Parishads/Pourashavas for a period of 9 years, and the handing over of the permanent shops in all the hats bazars to these Parishads/Pourashavas who are responsible for their management, maintenance and development the question of issuing shops licence by the Deputy Commissioner or Add. Dy. Commissioner (Rev) does not seem to arise.

**Sd/- Mahbubul Hossain,**  
*Section officer*

Memo No. VIIIs-55/81/343(2)/1(40)-SM

Dated 27.4.82

Copy forwarded to the :-

- 1) Addl. Deputy Commissioner, Tangail.
  - 2) Addl. Deputy Commissioner, Mymensingh.
- for information and guidance.

**Sd/- Mahbubul Hossain**  
*Section Officer*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
(স্থানীয় সরকার বিভাগ)  
শাখা-৯

স্মারক নং শাখা-৯/এইচ-২/৮২/৮৭(৫৩৮),

তারিখ ১৩ই মার্চ ১৯৮৪।

প্রেরক : মোহাম্মদ সিদ্দিকুর রহমান  
সচিব,  
স্থানীয় সরকার বিভাগ।

প্রাপক : ১। মেয়র/প্রশাসক/চেয়ারম্যান ..... পৌরকর্পোরেশন/পৌরসভা,  
জেলা .....।  
২। উপজেলা নির্বাহী অফিসার ..... জেলা .....।

বিষয় : সরকারী হাট/বাজার হইতে প্রাপ্ত আয় উপজেলা পরিষদ/পৌরসভা/পৌরকর্পোরেশন-এর মধ্যে বন্টন সম্পর্কে নির্দেশিকা।

প্রতিটি উপজেলা/পৌরসভা/পৌরকর্পোরেশন-এর ভৌগলিক সীমার মধ্যে অবস্থিত সরকারী হাট/বাজার হইতে প্রাপ্ত আয় বন্টন ও উহার ব্যবস্থাপনা বিষয়ে সরকার কর্তৃক নিম্নলিখিত নির্দেশমালা প্রদান করা হইল। এই আদেশ ১৩৯০ বাংলা সন হইতে কার্যকরী হইবে :

(ক) প্রতিটি উপজেলা/পৌরসভা/পৌরকর্পোরেশন উহার ভৌগলিক সীমার মধ্যে অবস্থিত সরকারী হাট/বাজার প্রকাশ্যে ইজারা নিলাম ডাকার ব্যবস্থা করিবে। নিলামের কমপক্ষে ১৫ দিন পূর্বে নোটিশ জারী ও ঢোলসহরের মাধ্যমে নিলাম ডাকের প্রচার করিতে হইবে।

(খ) সর্বোচ্চ নিলাম ডাক গ্রহণ করিতে হইবে। উক্ত ডাকের অংশ হাট/বাজার হইতে প্রাপ্ত পূর্ববর্তী ৩ (তিন) বৎসরের গড় আয় হইতে যদি কম হয় তবে পুনরায় নিলাম ডাকের ব্যবস্থা করিতে হইবে। ২য় বার ডাকা সত্ত্বেও যদি তিন বৎসরের গড় আয়ের সমান ডাক না হয় তবে উপজেলা পরিষদ/পৌরসভা/পৌরকর্পোরেশন নিজস্ব সিদ্ধান্তে গ্রহণ করিতে পারিবেন।

(গ) হাট/বাজারের ইজারা বাংলা বৎসরের ভিত্তিতে বৈশাখ-চৈত্র এক বৎসরের জন্য দিতে হইবে।

(ঘ) কেবলমাত্র মুক্তিযোদ্ধা সংসদ ব্যতীত অন্য কোন ব্যক্তি/গোষ্ঠি/সংস্থাকে সমঝোতার মাধ্যমে হাট/বাজার ইজারা বন্দোবস্ত দেওয়া যাইবে না। মুক্তিযোদ্ধাদের হাট/বাজার প্রদানের পদ্ধতি \*শাখা-৯/এইচ-৭/৮৩/৩০৪(২১), তারিখ ২৯-৬-১৯৮৩ নং স্মারকে (কপি সংযোজিত) সকলকে জ্ঞাত করা হইয়াছে।

\*২৯-৩-১৯৮৪ তারিখের শাখা ৯/এইচ-৭/৮৩/৯৫(৬১) স্মারকমূলে সংশোধিত।



(ঙ) যে সকল হাট/বাজারের ৩ (তিন) বৎসরের গড় অনুর্ধ্ব আয় ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা সে সকল হাট-বাজারের নিলাম ডাক উপজেলা পরিষদ কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুষ্ঠান করিবেন। অনুরূপভাবে পৌরসভা/পৌরকর্পোরেশনের ক্ষেত্রে পরিষদ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা নিলাম অনুষ্ঠান করিবেন।

(চ) ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকার উর্ধ্ব আয়বিশিষ্ট হাট/বাজারের নিলাম ডাক উপজেলা নির্বাহী অফিসার অনুষ্ঠান করিবেন।

(২) পৌরসভা/পৌরকর্পোরেশন-এর ক্ষেত্রে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকার উর্ধ্ব আয়বিশিষ্ট হাট-বাজার এর নিলাম ডাক পৌরসভা/পৌরকর্পোরেশনের প্রধান কর্মকর্তা (প্রধান নির্বাহী অফিসার/সেক্রেটারী অথবা চেয়ারম্যান কর্তৃক মনোনীত কর্মকর্তা) অনুষ্ঠান করিবেন।

(ছ) সকল হাট/বাজার সম্ভাব্য মূল্য কি হইবে তাহা বাংলা বৎসর শুরু হইবার অন্ততঃ ৩ মাস পূর্বে উপজেলা নির্বাহী অফিসার/পৌরসভা/পৌরকর্পোরেশন গত ৩ বৎসরের গড় মূল্য অথবা নিলামের পূর্ব বৎসরের আয় যাহা অধিক হইবে তাহার ভিত্তিতে উপজেলা পরিষদের/পৌরসভার/পৌরকর্পোরেশন-এর পূর্ণ সভায় নির্ধারণ করিবেন। এবং কোন পর্যায়ে কোন কোন হাট বা বাজারের নিলাম পরিচালিত হইবে উহার পূর্ণাঙ্গ তালিকা প্রণয়ন করিবেন।

(জ) একই নিয়মে আনুপাতিক হারে খণ্ড বৎসরের জন্য নিলাম দর নির্ণয় করিতে হইবে।

(ঝ) উপজেলা সদর দপ্তরে ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার বিভাগের কর্মকর্তা এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে নিলাম ডাকের সময় উপস্থিত থাকার জন্য নোটিশ জারী করিতে হইবে।

(ঞ) সকল কর্মকর্তাগণ নিজ নিজ এলাকার হাট-বাজারসমূহের নিলাম ডাকের কর্মসূচী প্রতি বৎসর ১লা জানুয়ারীতে চূড়ান্ত করিবেন এবং ১৫ ই জানুয়ারীর ভিতর উহা প্রকাশের ব্যবস্থা করিবেন। ১লা ফেব্রুয়ারী হইতে নিলাম পর্ব শুরু করিবেন এবং উক্ত মাসেই উহা সম্পন্ন করিবেন। এই সময়সূচীতে হাট-বাজারের পূর্ণ তথ্য ও বিবরণ, বর্তমান বৎসরের রাজস্ব এবং যে সময়ের জন্য বন্দোবস্ত দেওয়া হইবে উহা উল্লেখ থাকিতে হইবে।

(ট) নিলাম ডাকের সময়সূচীর নির্দিষ্ট দিনের অন্ততঃ ১৫ দিন পূর্বে পৌরসভা অফিস, পৌরকর্পোরেশন অফিস, ইউনিয়ন পরিষদ অফিস, স্থানীয় স্বাস্থ্য কেন্দ্র, পোষ্ট অফিস, কমিউনিটি সেন্টার, হাট/বাজার বিশেষ করিয়া সংশ্লিষ্ট হাট-বাজারে, পুলিশ স্টেশন, সাব-রেজিষ্টার অফিস, তহশিল অফিস এবং উপজেলা ও জেলা সদর দপ্তরে অবস্থিত অফিসসমূহে নিলামের নোটিশ টাংগাইয়া প্রচারের ব্যবস্থা করিতে হইবে। এ ছাড়াও হাট-বাজারে মাইক/দোলসহরতের মাধ্যমে নিলামের তারিখ ঘোষণার বন্দোবস্ত করিতে হইবে।

(ঠ) সরকারী ছুটির দিন বা সাধারণ ছুটির দিনে নিলাম অনুষ্ঠান হইবে না।

(ড) কোন বিশেষ কারণে যদি নিলামের দিন পরিবর্তন করার একান্ত প্রয়োজন হইয়া দাঁড়ায় তবে নিলাম পরিচালক স্বয়ং অথবা তাঁহার দ্বারা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা লিখিতভাবে নিলাম অনুষ্ঠান স্থলে উহা ঘোষণা করিবেন এবং পরবর্তী এক পক্ষকালের মধ্যে উক্ত নিলাম অনুষ্ঠান সম্পন্ন করিবেন। সর্বোচ্চ নিলাম ডাককারীর নাম অকুস্থলে প্রকাশ্যে ঘোষণা করিতে হইবে এবং নিলাম পর্ব সমাপ্ত করিতে হইবে।



সর্বোচ্চ ডাকের ৫০% ভাগ নিলাম ডাকের স্থানে ডাক সমাপ্তি ঘোষণার সাথে সাথে পরিশোধ করিতে হইবে। উক্ত টাকা তাহার জামানত হিসাবে ধরা হইবে এবং অবশিষ্ট ৫০% ভাগ টাকা ডাকের দিন হইতে ৭(সাত) দিনের মধ্যে পরিশোধ করিতে হইবে। সম্পূর্ণ টাকা পরিশোধ না করা পর্যন্ত ইজারাদারকে নিলামকৃত হাট-বাজারের দখল হস্তান্তর করা যাইবে না।

(ঢ) যদি নিলামে ঘোষিত টাকা পূর্ববর্তী বছরের আয় হইতে দুইগুণ বা তার বেশী ডাকা হয় তবে নিলাম পরিচালক সর্বোচ্চ ডাকের ৫০% ভাগ জমা দেওয়ার পরিবর্তে ২৫% ভাগ জামানত হিসাবে গ্রহণ করিতে পারিবেন। কিন্তু উভয় ক্ষেত্রেই সম্পূর্ণ টাকা উপরোল্লিখিত ৭ (সাত) দিনের মধ্যে পরিশোধ করিতে হইবে। উক্ত ৭ দিনের মধ্যে বাকী টাকা জমা না দিতে পারিলে ডাককারীর সমুদয় জামানত বাজেয়াপ্ত হইবে এবং উক্ত অর্থ সরকারের অনুমোদিত বন্টন নীতির আনুপাতিক হারে উপজেলা পরিষদ/পৌরসভা/পৌরকর্পোরেশনের তহবিলে জমা হইবে।

(গ) নিলামের সর্বোচ্চ ডাক হাট-বাজারের সম্ভাব্য আয় অপেক্ষা কম হইলে নিলাম পরিচালক নিলাম পর্ব শেষ হইবার পূর্বেই পুনরায় নিলামের তারিখ উপস্থিত সকলের সম্মুখে ঘোষণা করিবেন। পুনঃনির্ধারিত তারিখ পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে হইতে হইবে।

(ঙ) গৃহীত নিলামের সম্পূর্ণ টাকা জমা দেওয়ার সাথে সাথে হাট-বাজারের দখল নিলাম ডাককারীর নিকট নির্ধারিত চুক্তিনামার মাধ্যমে প্রদান করিতে হইবে।

(খ) কোন ব্যক্তি বা গোষ্ঠীর অভিযোগ থাকিলে নিলাম ডাকের ৭ দিনের মধ্যে উপজেলা পরিষদ/পৌরসভা/পৌরকর্পোরেশন-এর নিকট তাহার/তাহাদের অভিযোগপত্র দাখিল করিতে পারিবেন এবং উক্ত অভিযোগপত্রের একটি অনুলিপি নিলাম পরিচালকের নিকট দাখিল করিতে পারিবেন।

(দ) উপজেলা পরিষদ চেয়ারম্যান/পৌসভার চেয়ারম্যানগণ/পৌরকর্পোরেশনের ক্ষেত্রে প্রশাসক বা মেয়র অথবা তাহাদের মনোনীত পরিষদের কর্মকর্তা স্ব স্ব এলাকার হাট-বাজারের ইজারার চুক্তি দলিলে স্বাক্ষর করিবেন।

(ধ) ইজারা চুক্তি ইজারাদার কর্তৃক সম্পাদিত হইবে। উক্ত চুক্তিতে সার্টিফিকেট পদ্ধতিতে বকেয়া আদায়, ইজারার সময় শেষ হইবার পর হাট/বাজার সংশ্লিষ্ট উপজেলা পরিষদ/পৌরসভা/পৌরকর্পোরেশনকে ফেরত প্রদান, সরকারী কর্মকর্তাদের ইজারা দেওয়া হাট-বাজারের পরিদর্শনের অধিকার, হাট-বাজারের খালি জমিতে সরকারের অনুমোদন ব্যতীত কাঠামো তৈয়ারী না করা ইত্যাদি শর্ত চুক্তিপত্রে সন্নিবেশিত থাকিতে হইবে যাহা G.E. Manual, 1958 এর Appendix II এর চুক্তি মোতাবেক নির্দিষ্ট ফরমে করিতে হইবে।

(ন) বিভিন্ন দ্রব্যের উপর তোলা আদায়ের রেট অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কর্তৃক অনুমোদিত হইতে হইবে। উক্ত রেট এর তালিকা বাজারের বিভিন্ন স্থানে জনসাধারণের জ্ঞাতার্থে ইজারাদার কর্তৃক টাংগাইয়া রাখিতে হইবে।

(প) ইজারাদার কোনক্রমেই ইজারাখণ্ড হাট/বাজার অন্যের নিকট ইজারা বা বন্দোবস্ত দিতে পারিবে না। যদি অনুরূপ কার্যকলাপ বা চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন ধরা পড়ে তবে তাহার ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং আইনতঃ ইজারাদার দণ্ডনীয় হইবে।

(ফ) নিলাম ডাকের প্রাপ্ত আয় নিম্নভাবে বন্টন করিতে হইবে :

(১) উপজেলা/পৌরসভা/কর্পোরেশনে অবস্থিত সমস্ত হাট/বাজার হইতে প্রাপ্ত মূল আয়ের শতকরা ৫% ভাগ সেলামীস্বরূপ সরকারকে “7 LR-Collection from Hats and Bazaars” খাতে প্রদান করিতে হইবে।

(২) অবশিষ্ট শতকরা ২৫% ভাগ উপজেলা/পৌরসভা/পৌরকর্পোরেশন অন্তর্গত হাট-বাজারের সংরক্ষণ এবং উন্নয়নের জন্য ব্যয় করিতে হইবে।

(৩) কোন হাট/বাজারের আয়ের শতকরা ২৫% ভাগ ঐ হাটেই খরচ করিতে হইবে এমন কোন বাধ্যবাধকতা থাকিবে না।

(৪) অবশিষ্ট শতকরা ৭০% ভাগ অর্থ উপজেলা/পৌরসভা/পৌরকর্পোরেশনের রাজস্ব আয় হিসাবে গণ্য করা হইবে। এই আয় হইতে প্রয়োজনবোধে খাজনা আদায় ও আনুষংগিক খরচ বাবদ ব্যয় নির্বাহ করা যাইবে।

(ব) হাট/বাজার নিলাম সম্পর্কিত যে সকল অভিযোগ নিলাম অনুষ্ঠানের ৭ (সাত) দিনের মধ্যে পাওয়া যাইবে উহার উপর সংশ্লিষ্ট জেলা প্রশাসক সুনানী নিবেন এবং ১৫ (পনের) দিনের মধ্যে নিষ্পত্তি করিবেন। জেলা প্রশাসকের রায়ের বিরুদ্ধে আপীল বিভাগীয় কমিশনারের নিকট করা যাইবে এবং তাহার রায়ই চূড়ান্ত বলিয়া গণ্য করা হইবে।

(ভ) নূতন হাট/বাজার প্রতিষ্ঠা, হাট/বাজার তুলিয়া বা ভাংগিয়া দিতে হইলে জেলা প্রশাসকগণ প্রস্তাব সরাসরি ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার বিভাগের অনুমোদনের জন্য প্রেরণ করিবেন। তা'ছাড়া হাট/বাজার নিলামে বন্দোবস্ত প্রদান ব্যতীত অন্যান্য যাবতীয় প্রশাসনিক অভিযোগ সংক্রান্ত বিষয়েও ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার বিভাগ ব্যবস্থা গ্রহণ করিবেন।

২। এই নির্দেশমালার বলে অত্র বিভাগ কর্তৃক জারীকৃত ৭-৯-১৯৮২ তারিখের শাখা-৪/এইচ-১/৮২/২৭০, শাখা-৪/এইচ-২/৮২/২৭৩, ৬-১০-১৯৮২ তারিখের শাখা-৪/এইচ-২/৮২/৩১৭, ২৩-১১-১৯৮২ তারিখের শাখা-৯/এইচ-২/৮২ (অংশ) ৩৯৫ এবং ১২-৪-১৯৮৩ তারিখের শাখা-৯/এইচ-২/৮২/১৫১ স্মারকসমূহ বাতিল বলিয়া গণ্য করা হইল।

স্বা/- মোহাম্মদ সিদ্দিকুর রহমান

সচিব

স্থানীয় সরকার বিভাগ।

নং শাখা-৯/এইচ-২/৮২/৮৭/১(৭০),

তারিখ ১৩ই মার্চ, ১৯৮৪।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পাঠান হইল :

১। সচিব, ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার বিভাগ। তাঁহার স্মারক নং ৮-৭৮/৮৪/২৮  
তারিখ ১৩-২-১৯৮৪ ইং।

২। চেয়ারম্যান, ভূমি প্রশাসন বোর্ড, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।

৪। জেলা প্রশাসক, .....

৫। শাখা প্রধান ১০, অত্র বিভাগ।

স্বা/- এ, কে, এম, আশ্রাফ উদ্দীন  
শাখা প্রধান।

নং শাখা-৯/এইচ-২/৮২/৮৭/২(৮),

তারিখ ১৩ই মার্চ, ১৯৮৪

সদয় অবগতির জন্য অনুলিপি পাঠানো হইল :

১। প্রধান সামরিক আইন প্রশাসকের প্রিন্সিপাল স্টাফ অফিসার, পুরানা সংসদ ভবন,  
তেজগাঁও, ঢাকা।

২। আঞ্চলিক সামরিক আইন প্রশাসক, অঞ্চল, .....

৩। মহামান্য রাষ্ট্রপতির সচিব, বঙ্গভবন, ঢাকা।

৪। সচিব, জাতীয় প্রশাসনিক পুনর্বিদ্যায়ন ও সংস্কার বাস্তবায়ন কমিটি,  
পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।

স্বা/- এ, কে, এম, আশ্রাফ উদ্দীন  
শাখা-প্রধান।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
(স্থানীয় সরকার বিভাগ)  
শাখা-৯

স্মারক নং শাখা-৯/এইচ-৭/৮৩/৯৫(৬১),

তারিখ ২৯শে মার্চ, ১৯৮৪।

প্রতি : জেলা প্রশাসক, ..... (পার্বত্য চট্টগ্রাম, বান্দরবন ও খাগড়াছড়ি ব্যতীত)

বিষয় : মুক্তিযোদ্ধা সংগঠনকে সমঝোতার মাধ্যমে হাট/বাজার ইজারা প্রদান।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া জানাইতেছে যে, সরকার স্থানীয় সরকার বিভাগ হইতে ১৩-৩-১৯৮৪ তারিখে জারীকৃত হাট/বাজার ব্যবস্থাপনা নির্দেশিকা নং শাখা-৯/এইচ-৭/৮২/৮৭(৫৩৮)-এ(ঘ) অনুচ্ছেদে উল্লেখ্য ২৯-৬-১৯৮৩ তারিখের শাখা-৯/এইচ-৭/৮৩/৩০৪(২১) নং স্মারক বাতিলপূর্বক মুক্তিযোদ্ধা সংগঠনকে হাট/বাজার সমঝোতার মাধ্যমে বাৎসরিক ভিত্তিতে ইজারা প্রদানের নিমিত্তে নিম্নের সংশোধিত নির্দেশিকা জারী করিল :

- \* (ক) প্রতি জেলায় অনধিক একটি হাট/বাজার গত বছরের নিলাম ডাকের টাকার পরিমাণ অথবা তিন বছরের নিলামের গড় টাকার পরিমাণ যাহা বেশী হয় উহা যদি ৫(পাঁচ) লক্ষ টাকার মধ্যে থাকে তবে সেই ধরনের একটি হাট/বাজার মুক্তিযোদ্ধা সংসদের নামে শতকরা ১৫ (পনের) ভাগ উর্ধ হারে সমঝোতার মাধ্যমে ইজারা দেওয়া হইবে।
- \*\* (খ) প্রতি জেলায় কোন হাট/বাজারটি সমঝোতার মাধ্যমে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদকে ইজারা দেওয়া হইবে তাহা সংসদের কেন্দ্রীয় কাউন্সিল পূর্বাঙ্কে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রতিরক্ষা বিভাগের সহিত আলোচনারক্রমে স্থির করিবে ও সংশ্লিষ্ট জেলা প্রশাসককে জানাইয়া দিবে। ইজারা সংক্রান্ত সার্বিক দায়-দায়িত্ব বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের উপর ন্যস্ত থাকিবে।
- \*\*\* (গ) প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রতিরক্ষা বিভাগ বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল কর্তক 'খ' অনুচ্ছেদে বর্ণিত প্রস্তাব বিষয়ে মতামতসহ যে একটি হাট/বাজার মুক্তিযোদ্ধা সংগঠনের নামে ইজারায় দেওয়ার জন্য প্রস্তাব দিবে সেই প্রস্তাব বর্তমান ইজারা শেষ হইবার ১ মাস পূর্বে সংশ্লিষ্ট জেলা প্রশাসককে জানাইবে।
- (ঘ) পূর্বের ইজারা শেষ হইবার অন্ততঃ ১৫ (পনের) দিন পূর্বে ইজারার চুক্তি সম্পাদন করিতে হইবে। চুক্তি সম্পাদনের সাথে সাথে শতকরা পঞ্চাশ ভাগ ইজারার টাকা এবং অবশিষ্ট পঞ্চাশ ভাগ টাকার পরবর্তী সাত দিনের মধ্যে প্রদান করিতে হইবে। অন্যথায় চুক্তি বাতিল বলিয়া গণ্য করা হইবে এবং জমাকৃত টাকা বাজেয়াপ্ত হইবে।
- বিঃ দ্রঃ- \* (ক) ২৯-৪-১৯৮৫ তারিখের শাখা ৯/৪/৯/৮৫/৯৩(৬১) স্মারক মূলে সংশোধিত।  
\*\* (খ) ৫-৫-১৯৮৪ তারিখের শাখা ৯/এইচ ৭/৮৩/১৪২(৬১) এবং ২৯-৪-১৯৮৫ তারিখের শাখা ৯/৪-৯/৮৫/৯৩/(৬১) স্মারকমূলে সংশোধিত।  
\*\*\* (গ) ৫-৫-১৯৮৪ তারিখের শাখা ৯/এইচ০৭/৮৩/১৪২(৬১) স্মারকমূলে সংশোধিত।

- (ঙ) পূর্ববর্তী বছরের নিলাম ডাক বা ইজারা মূল্য ৫ (পাঁচ) লক্ষ টাকার বেশী হইলে উহা সরাসরি নিলামে ইজারা দিতে হইবে এবং ঐ ধরনের হাট বা বাজার কোন ব্যক্তি বা সংস্থাকে সমঝোতার মাধ্যমে (Negotiation) প্রদান করা যাইবে না।
- (চ) জেলা প্রশাসকগণ (পার্বত্য চট্টগ্রাম, বান্দরবন ও খাগড়াছড়ির জেলা ব্যতীত) তাঁহাদের স্ব স্ব জেলার এলাকভুক্ত (ক) নির্দেশিকায় উল্লেখিত অনূর্ধ্ব পাঁচ লক্ষ টাকার মধ্যে একটি হাট/বাজার বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের চাহিদা মোতাবেক সংরক্ষণ করিবেন এবং এই হাট/বাজার সরাসরি নিলাম ডাকে দেওয়া যাইবে না।
- (ছ) বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল (পার্বত্য চট্টগ্রাম, বান্দরবন ও খাগড়াছড়ি ব্যতীত) সকল জেলার জেলা প্রশাসকগণকে সময়মত এই মর্মে অবহিত করিবে যে কোন হাট বা বাজার তাহরা সমঝোতার মাধ্যমে নিতে ইচ্ছুক এবং ইহাও জানাইতে হইবে যে কোন মুক্তিযোদ্ধা সংগঠনের নামে উক্ত হাট ইজারা নিবে এবং সেই সংগঠনের নাম ও অন্যান্য তথ্যাদি জেলা প্রশাসকের নিকট প্রদান করিবে।
- (জ) বিভিন্ন দ্রব্যের উপর তোলা আদায়ের হার (রেট) সংশ্লিষ্ট অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কর্তৃক অনুমোদিত হইতে হইবে। উক্ত রেটের তালিকা বাজারের বিভিন্ন স্থানে জনসাধারণের জ্ঞাতার্থে ইজারাদার কর্তৃক টাংগাইয়া রাখিতে হইবে।
- (ঝ) ইজারা সম্পর্কে অন্যান্য বিষয়ে অত্র মন্ত্রণালয়ের ১৩-৩-১৯৮৪ তারিখের শাখা-৯/এইচ-২/৮২/৮৭(৫৩৮) জারীকৃত নির্দেশিকা অনুসরণ করিতে হইবে।
- (ঞ) উপজেলা রাজস্ব অফিসার (ক) অনুচ্ছেদে বর্ণিত হাট/বাজারের তালিকা এবং উহাদের ইজারা সময়সূচী সময়মত ও চাহিদামত মুক্তিযোদ্ধা সংগঠনের গোচরীভূত করিবেন। উপজেলা রাজস্ব অফিসারগণ এই তালিকা অতিরিক্ত জেলা প্রশাসকের নিকট পরবর্তী ইজারা বৎসরের অন্ততঃ দুই মাস পূর্বে দাখিল করিবেন।
- (ট) জেলা প্রশাসকগণ সকল উপজেলা নির্বাহী অফিসারগণকে এ বিষয়ে অবিলম্বে অবহিত করিবেন।

স্বা/- এ, কে, এম, আশ্রাফ উদ্দীন  
শাখা প্রধান।

স্মারক নং শাখা-৯/এইচ-৭/৮৩/৯৫/১(৬),

তারিখ ২৯শে মার্চ, ১৯৮৪।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি দেওয়া হইল :

- ১। সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ।
- ৩। বিভাগীয় কমিশনার ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগ।

স্বা/- এ, কে, এম, আশ্রাফ উদ্দীন  
শাখা প্রধান।

স্মারক নং শাখা-৯/এইচ-৭/৮৩/৯৫/২(৭),

তারিখ ২৯শে মার্চ, ১৯৮৪।

সদয় অবগতির জন্য :

- ১। প্রধান সামরিক আইন প্রশাসকের প্রিন্সিপাল স্টাফ অফিসার।
- ২। আঞ্চলিক সামরিক আইন প্রশাসক, অঞ্চল, .....
- ৩। মহামান্য রাষ্ট্রপতির সচিব, বঙ্গভবন।

স্বা/- এ, কে, এম, আশ্রাফ উদ্দীন  
শাখা প্রধান।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার মন্ত্রণালয়  
শাখা-৭

মন্ত্রিপরিষদের সিদ্ধান্ত নং-৩ মপনৈ-৩৮/৮৪ তারিখ : ৭/১০/৮৪ ইং, ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার মন্ত্রণালয় সম্পর্কিত-

সকল রেলওয়ে বাজার (Railway Markets) সংশ্লিষ্ট পৌরসংস্থাসমূহের নিকট হস্তান্তর করিবার সিদ্ধান্ত অবিলম্বে বাস্তবায়ন করিতে হইবে। এই বিষয়ে স্থানীয় পর্যায়ে সকল মত বিরোধের নিষ্পত্তি সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার করিবে ও তাহার সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া পরিগণিত হইবে। যে জমির উপর এই বাজার অবস্থিত তাহার মালিকানা ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার মন্ত্রণালয়ে বর্তাইবে (Vest) এবং এই মন্ত্রণালয়ের অনুমতি লইয়া পৌরসংস্থাসমূহ বাজার উন্নয়নের জন্য নির্মাণ কার্য করিতে হইবে।

স্মারক নং-সাত-৮৮/৮৪-১৮০(৬৪) তারিখ : ১৫/১১/৮৪ ইং।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুলিপি দেওয়া হইল :

(১) জেলা প্রশাসক, গোপালগঞ্জ।

স্বা/- (আব্দুল বারী তরফদার)  
উপ-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার মন্ত্রণালয়  
শাখা নং-৮

নং ৮-৩৪৩/৮৫/১২১০(৬৪)

তারিখ : ৬/১০/৮৬ ইং।

প্রাপক : জেলা প্রশাসক, গোপালগঞ্জ।

**বিষয় : হাট/বাজারের পরিসীমার মধ্যে সম্পত্তি হস্তান্তর/বিক্রয় এবং একসনা বন্দোবস্ত প্রদান।**

সরকার উপরোক্ত বিষয়ে সিদ্ধান্ত নিয়াছেন যে, হাট/বাজারের একসনা লাইসেন্স দেওয়ার বিষয়ে পূর্বের সিদ্ধান্ত বহাল থাকিবে। তবে পরিসীমার মধ্যে কোন সরকারী সম্পত্তি যেমন-দালানকোঠা, গাছ-পালা ইত্যাদি নষ্ট হইয়া বা প্রাকৃতিক কারণে পড়িয়া গেলে বাজার দরে বিক্রয় করিয়া “৭-ভূমি রাজস্ব” খাতে জমা দিতে হইবে।

পরিসীমার মধ্যে একসনা লাইসেন্সধারী ব্যক্তি কোন স্থায়ী ঘর বা পাকা দালানকোঠা তুলিতে পারিবেনা।

জেলা প্রশাসকের অনুমতি ছাড়া কোন গাছ-পালা কাটা বা পরিসীমার মধ্যে অবস্থিত কোন বিধ্বস্ত বা জীর্ণ সরকারী সম্পত্তি বিক্রয় করা যাইবে না।

অনুমতিক্রমে বিক্রিত সম্পদের মূল্য “৭-ভূমি রাজস্ব” খাতে জমা দিতে হইবে।

এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

স্বা/- (আঃ বারী তরফদার)

উপ-সচিব (এম)।

নং ৮-৩৪৩/৮৫/১২১০ ( )/১(৬)

তারিখ : ৬/১০/৮৬

অনুলিপি :

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ২। কমিশনার, ..... বিভাগ।

স্বা/- (শেখ মোঃ সালাহ উদ্দিন)

সিনিয়র সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি মন্ত্রণালয়  
শাখা নং-৭

নং-৭-বিবিধ-৩/৮৭-১৩৯(৬৪)

তারিখ : ১৬/৩/৮৭ ইং

প্রাপক : জেলা প্রশাসক, পিরোজপুর।

বিষয় : হাট/বাজারের খাসজমি বন্দোবস্ত দেওয়া সংক্রান্ত।

এই মন্ত্রণালয়ের দৃষ্টিগোচর হয়েছে যে কোন কোন উপজেলা রাজস্ব অফিসার হাট/বাজারের মধ্যে সরকারী খাসজমি স্থায়ী/একসনা বন্দোবস্ত দিতেছেন যাহা বর্তমান নীতি বহির্ভূত।

এতদ্বারা সংশ্লিষ্ট সকল রাজস্ব অফিসারকে হাট/বাজারের সকল খাসজমি স্থায়ী অথবা একসনা ইজারা দেয়া থেকে বিরত থাকার জন্য নির্দেশ দেওয়া হলো।

স্বা/- (এম, এ, করিম)  
ভূমি সংস্কার কমিশনার।

স্মারক নং-৭-বিবিধ-৩/৮৭-১৩৯/১(৬৪)

তারিখ : ১৬/৩/৮৭ ইং।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :-

১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাঃ), .....

স্বা/- (মোঃ তারিকুল আলম)  
সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি মন্ত্রণালয়  
শাখা নং -৭

নং ৭-৮৮/৮৪/৫২৬(৬৪),

তারিখঃ ১লা অগ্রহায়ণ, ১৩৯৪ বাং  
১৮ই নভেম্বর ১৯৮৭ ইং

প্রেরক : এম, মোকাম্মেল হক,  
সচিব।

প্রাপক : জেলা প্রশাসক,.....।

বিষয় : সকল রেলওয়ে বাজার স্থানীয় পৌরসভার নিকট হস্তান্তর সম্পর্কে।

সরকারী সিদ্ধান্তক্রমে সকল রেলওয়ে বাজার সংশ্লিষ্ট পৌর সংস্থাসমূহের নিকট হস্তান্তর করিবার ব্যবস্থা অনতিবিলম্বে চূড়ান্ত করিতে হইবে। এই বিষয়ে স্থানীয় পর্যায়ে সকল মত বিরোধের নিষ্পত্তি সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ করিবেন ও তাহার সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া পরিগণিত হইবে। যে জমির উপর এই সকল রেলওয়ে বাজার অবস্থিত তাহার মালিকানা ভূমি মন্ত্রণালয়ের উপর বর্তাইবে এবং এই মন্ত্রণালয়ের অনুমতি লইয়া পৌর সংস্থাসমূহ বাজার উন্নয়নের জন্য নির্মাণ কার্য করিতে পারিবেন। উল্লেখ্য যে পৌর সংস্থার নিকট হস্তান্তর সংক্রান্ত বিষয়ে হাটবাজারের সংজ্ঞা নিম্নরূপ হইবে :

“রেলপথের যে সমস্ত জায়গা বিভিন্ন প্রকার বাণিজ্যিক কর্মকাণ্ডের সহিত সম্পৃক্ত এবং রেলপথের নিজস্ব কর্মকাণ্ডের সহিত মোটেও জড়িত নহে সে সমস্ত জায়গা রেলপথের হাট বা বাজার হিসাবে বিবেচ্য হইবে। তবে অপারেশনাল এরিয়া, অফিস, কলোনী, কারখানা, লোকোসেড, স্টেশন ইয়ার্ড, রেলওয়ে ট্রাক এবং এই জাতীয় গুরুত্বপূর্ণ এলাকায় অবস্থিত সকল দোকান-পাট এই হস্তান্তরের উদ্দেশ্যে হাট-বাজার হিসাবে ধরা যাইবে না।”

ভূমি মন্ত্রণালয়ের পক্ষ হইতে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ কর্তৃক জি, ই, ম্যানুয়েল প্রদত্ত ছক অনুযায়ী স্থানীয় পৌরসভার অনুকূলে হস্তান্তরিত রেলওয়ে বাজারগুলির ব্যাপারে চুক্তিপত্র সম্পাদন করিয়া দিতে হইবে। উপরোল্লিখিত এই চুক্তিপত্রে শর্ত হিসাবে উল্লেখ থাকিবে যে, পৌরসভা কর্তৃক এই সব রেলওয়ে বাজার হইতে লব্ধ সর্বমোট বার্ষিক আয় উপার্জনের ৫% (শতকরা পাঁচ ভাগ) ভূমি মন্ত্রণালয়ের প্রাপ্য হইবে এবং অর্থ সংশ্লিষ্ট পৌরসভাসমূহ কর্তৃক “৭ ভূমি রাজস্ব” খাতে জমা দিতে হইবে।

স্বা/- (এম, মোকাম্মেল হক)  
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি মন্ত্রণালয়  
শাখ-৭

স্মারক নং-ভূঃমঃ৭-বিবিধ-৩/৮৭/(হাট)/২৪২(৬৪)

তারিখ : ০১/৬/৮৯ ইং

১৮/২/৯৬ বাং।

প্রেরক : রেবেকা সুলতানা,  
সহকারী সচিব।

প্রাপক : জেলা প্রশাসক, .....।

বিষয় : হাট/বাজারের খাসজমি বন্দোবস্ত দেওয়া সংক্রান্ত একসনা লাইসেন্স নবায়ন প্রসংগে।

নিম্নস্বাক্ষরকারী নির্দেশক্রমে উপরোক্ত বিষয়ে অত্র মন্ত্রণালয়ের ১৬/৩/৮৭ ইং তারিখের ৭-বিবিধ-৩/৮৭-১৩৯(৬৪) নং স্মারকের প্রতি তাঁহার দৃষ্টি আকর্ষণপূর্বক জানাইতেছে যে, উক্ত স্মারকে সংশ্লিষ্ট সকল রাজস্ব অফিসারকে হাট/বাজারের খাসজমি স্থায়ী অথবা একসনা ইজারা দেওয়া হইতে বিরত থাকার জন্য নির্দেশ দেওয়া হইয়াছিল। কিন্তু পূর্ব হইতে বন্দোবস্তকৃত ভূমির লাইসেন্স নবায়ন স্থগিত রাখার মর্মে কোন নির্দেশ দেওয়া হয়নি। উল্লেখিত আদেশটির অর্থ সঠিকভাবে অনুধাবন করিতে না পারার কারণে কোন কোন জেলায় হাট/বাজারের একসনা লাইসেন্স নবায়ন স্থগিত রাখা হইয়াছে এবং এই বিষয়ে জটিলতার সৃষ্টি হইয়াছে বলিয়া তথ্য পাওয়া যাইতেছে।

এমতাবস্থায় সংশ্লিষ্ট উপজেলা রাজস্ব অফিসার/সহকারী কমিশনার (ভূমি) কে অনতিবিলম্বে হাট/বাজারের একসনা লাইসেন্স নবায়ন করতঃ লাইসেন্স ফি জমা নেওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাইতেছে।

স্বা/- (রেবেকা সুলতানা)

সহকারী সচিব।

ভূঃমঃ৭-বিবিধ-৩/৮৭/(হাট)/২৪২(৬৪)

তারিখ : ০১/৬/৮৯ ইং

১৮/২/৯৬ বাং।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরিত হইল :-

- ১। বিভাগীয় কমিশনার, ..... বিভাগ .....
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), গোপালগঞ্জ।
- ৩। জনাব কাজী মোতাহার হোসেন, পিতা-কাজী আবদুল আজিজ, গ্রাম-শ্রীনিবান্দী,  
পোঃ- সুলতান সাহাদী, জেলা-নারায়ণগঞ্জ।

স্বা/- (রেবেকা সুলতানা)

সহকারী সচিব।



১৫ ০৫-০৫-০৫ : ১৫১৫  
১৫ ৫৫-৫-৫০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

শাখা-৭

স্মারক নং ভূঃ মঃ ৭-বিবিধ ৩/৮৭ (হাট)/৫৪৭(৬৪),

তারিখ : ২৩-১০-৯০ ইং

০৭-৭-৯৭ বাং

প্রেরক : এ, জেড, এম, নাছিরুদ্দিন,  
সচিব।

প্রাপক : জেলা প্রশাসক,

..... জেলা।

বিষয় : হাটবাজারের পরিসীমার মধ্যে সরকারী রক্ষণাবেক্ষণে খাস জায়গা বন্দোবস্ত প্রদান না করা এবং পূর্বের অস্থায়ী লাইসেন্স এর নবায়ন ফি আদায় করা প্রসংগে।

হাট-বাজারের পেরীফেরীর মধ্যে খালি জায়গার বন্দোবস্ত প্রদান ১৯৬১ ইং সাল হতে বন্ধ থাকার ফলে অস্থায়ী দোকানদারদের ব্যবসা চালিয়ে যাওয়ার ক্ষেত্রে অসুবিধা সৃষ্টি হয়। এ অসুবিধাসমূহ বিবেচনা করে সকল হাটবাজারে তোহাবাজারের জন্য প্রয়োজনীয় পরিমাণ জায়গা নির্দিষ্ট করে রেখে অবশিষ্ট জায়গায় প্রকল্প তৈরী করে লাইসেন্স প্রদানের মাধ্যমে অস্থায়ী দোকানের জন্য বন্দোবস্ত দিতে মন্ত্রণালয়ের ১৫-০৩-৭৫ ইং তারিখের ১০২(১৮)-৫-২১৩/৭৪-এল, এস, নং স্মারক জারী করা হয়। কিন্তু উক্ত স্মারক মোতাবেক ব্যবস্থা গ্রহণ না করার ফলে হাটবাজারের পেরীফেরীর মধ্যে খালি জায়গায় অবৈধ দখলে দোকান গড়ে উঠতে থাকে। অতঃপর হাট-বাজারের পেরীফেরীর মধ্যের সরকারী খাসজমি স্থায়ী অথবা একসনা বন্দোবস্ত প্রদান মন্ত্রণালয়ের ১৬-৩৮৭ ইং তারিখের ৭-বিবিধ-৩/৮৭/১৩৯(৬৪) নং স্মারকে পুনরায় স্থগিত ঘোষণা করা হয়। উপরোক্ত স্মারক জারী করার সাথে সাথে ১৫-০৩-৭৫ ইং তারিখের ১০২(১৮)-৫-২/১৩/৭৪-এল, এস, ২৭-৪-৮২ ইং তারিখের ৮ এস-৫৫/৮১/৩৪৩(২)-এস, এম, এবং ৮-১১-৮৫ ইং তারিখের ৭-৩৪৩/৮৫/১০৯/৭ নং স্মারক বাতিল হয়ে যায়। মন্ত্রণালয়ের ০১-৬-৮৯ ইং তারিখের ৮০৩৪৩/৮৫/১২১০ নং স্মারকে হাটবাজারের পেরীফেরীর মধ্যে সরকারী সম্পত্তি যেমন দালান-কোঠা, গাছপালা ইত্যাদি নষ্ট হলে বা প্রাকৃতিক কারণে পড়ে গেলে সে বিষয়ে জেলা প্রশাসকের অনুমতি গ্রহণ করতঃ বিক্রয় করে বিক্রয়লব্ধ অর্থ “৭-ভূমি রাজস্ব” খাতে জমা দেয়ার নির্দেশ দেয়া হয়।

অতএব, ভূমি মন্ত্রণালয়ের ১৫-৩-৭৫ ইং তারিখের ১০২(১৮)-৫-২১৩/৭৪-এল, এস, নং স্মারক মোতাবেক ১৬-৩-৮৭ ইং তারিখ পর্যন্ত সময়ে হাটবাজারের খালি জায়গায় ব্যবসা করার জন্য যে সকল অস্থায়ী লাইসেন্স প্রদান করা হয়েছে সেইসব অস্থায়ী লাইসেন্সের নবায়ন ফি আদায় করতঃ উহার অর্থ “৭-ভূমি রাজস্ব” খাতে জমা দানের জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

স্বা/- (এ, জেড, এম নাছিরুদ্দিন)

সচিব

ভূমি মন্ত্রণালয়।

স্মারক নং ভূঃ মঃ ৭-বিবিধ-৩/৮৭(হাট)/৫৪৭(৬৪)/১(৫২৯),

তারিখ : ২৩-১০-৯০ ইং  
০৭-৭-৯৭ বাং

অনুলিপি প্রেরণ করা হলো :

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন

ও সমবায় মন্ত্রণালয়।

২। কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগ।

৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), .....

৪। সহকারী কমিশনার (ভূমি), উপজেলা রাজস্ব অফিসার, .....

স্বা/- (এম, এ, রশিদ মিয়া)  
সহকারী সচিব।

১। বিলাপীর পরিচয় প্রদানের বিষয়ে বিলাপীকে সতর্ক করা হবে।  
২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মেয়াদসমাপ্ত।

স্বাক্ষরিত করা হলো, ঢাকা, বাংলাদেশ, শনিবার, ২৩ অক্টোবর ১৯৯০ খ্রিস্টাব্দ।

স্বাক্ষরিত করা হলো

স্বা/- (মেহেন্না মুন্সাজ)  
সহকারী সচিব

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

শাখা নং-৯

স্মারক নং-ভূঃমঃ/শা-৯-১৮/৯৪/৬৪৪-বিবিধ

তারিখ : ২৮/৬/১৪০১ বাং।

১৩/১০/১৯৯৪ ইং।

## পরিপত্র

প্রাক : জেলা প্রশাসক,

..... (সকল)

বিষয় : নতুন হাট/বাজার স্থাপনের অনমোদন প্রদান প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন জেলা থেকে নতুন হাট/বাজার প্রতিষ্ঠা করার প্রস্তাব বিভাগীয় কমিশনারের মাধ্যমে ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ না করে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে। “ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল” এর হাট-বাজার ব্যবস্থাপনা সংক্রান্ত ২২৯ নং অনুচ্ছেদ মোতাবেক নতুন হাট/বাজার প্রতিষ্ঠা করা বা পুরাতন হাট/বাজার তুলে দেওয়া সংক্রান্ত সকল প্রস্তাব জেলা প্রশাসক, বিভাগীয় কমিশনারের মাধ্যমে ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। ভূমি মন্ত্রণালয়ের পূর্ব অনমোদন ব্যতীত এ বিষয়ে কোন পদক্ষেপ গ্রহণ করা যাবে না। স্থানীয় সরকার বিভাগকে হাট-বাজারের কেবলমাত্র ব্যবস্থাপনার দায়িত্ব অর্পণ করা হয়েছে, হাট/বাজারের মালিকানা, বা স্বীকৃতি প্রদান কিংবা প্রতিষ্ঠা করার কোন ক্ষমতা অর্পণ করা হয়নি। জেলা প্রশাসকগণকে হাট/বাজার প্রতিষ্ঠার ক্ষেত্রে আলোচ্য নীতি অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

স্বা/- কাজী মোঃ আবু বকর সিদ্দিক

যুগ্ম-সচিব (প্রশাসন)

ভূমি মন্ত্রণালয়।

স্মারক নং-ভূঃমঃ/শা-৯/১৮/৯৪/৬৪৪/১(১৫০)-বিবিধ,

তারিখ : ২৮/৬/১৪০১ বাং।

১৩/১০/১৯৯৪ ইং।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :-

- ১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, মতিঝিল বা/এ, ঢাকা।
- ২। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
- ৩। মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৪। কমিশনার, ..... বিভাগ।
- ৫। মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা।
- ৬। গার্ড ফাইল।

স্বা/- (মুহম্মদ আবদুল আলীম খান)

উপ-সচিব (আইন)

ভূমি মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
প্রজই-২

স্মারক নং প্রজই-২/হ-৪/৯৫/৪১২(৪৯৫০),

তারিখ : ১৭ই শ্রাবণ, ১৪০২ বাং।  
১লা আগষ্ট, ১৯৯৫ ইং।

প্রাপক : (১) মেয়র,

..... সিটি কর্পোরেশন।

(২) বিভাগীয় কমিশনার,

ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল।

(৩) জেলা প্রশাসক,

.....

(৪) চেয়ারম্যান/প্রশাসক,

..... পৌরসভা,

জেলা .....

(৫) থানা নির্বাহী কর্মকর্তা,

.....

(৬) চেয়ারম্যান,

..... ইউনিয়ন পরিষদ,

থানা ..... জেলা .....

**বিষয় :** সায়রাতমহালের ইজারালব্ধ অর্থের নির্ধারিত অংশ সরকারী কোষাগারে জমা প্রদান প্রসঙ্গে।

লক্ষ্য করা যাইতেছে যে, ভূমি মন্ত্রণালয় কর্তৃক ব্যবস্থাপনা ও ইজারা প্রদানের জন্য অত্র বিভাগের নিকট হস্তান্তরিত সায়রাতমহালসমূহের ইজারালব্ধ আয় হইতে হাট-বাজারের ক্ষেত্রে ৫% ভাগ এবং জলমহাল ও ফেরীঘাটের ক্ষেত্রে ১% ভাগ হিসাবে সরকারী কোষাগারে জমা প্রদানের সুস্পষ্ট নির্দেশ থাকা সত্ত্বেও উহা যথাযথভাবে প্রতিপালিত হইতেছে না।

এমতাবস্থায় অত্র বিভাগের নিকট হস্তান্তরিত হাট-বাজার, জলমহাল এবং ফেরীঘাটসমূহের ইজারালব্ধ অর্থের নির্ধারিত অংশ ইজারা প্রদানের ৭ (সাত) দিনের মধ্যে নির্দিষ্ট খাতে যথাযথভাবে সরকারী কোষাগারে জমা প্রদান করতঃ ভূমি মন্ত্রণালয়কে অবহিত করিবার জন্য নির্দেশক্রমে তাঁহাকে অনুরোধ করা হইল।

স্বা/-

(মোঃ আমিনুল ইসলাম)

সিনিয়র সহকারী সচিব।

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## ভূমি মন্ত্রণালয়

## শাখা-৭

বিষয় : হাট-বাজারের সরকারী খাসজমি বন্দোবস্ত প্রদান প্রসঙ্গে।

হাট/বাজারের পেরীফেরীর মধ্যে খালি জায়গার বন্দোবস্ত প্রদান ১৬-০৩-৮৭ ইং তারিখ হইতে বন্ধ থাকার ফলে অস্থায়ী দোকানদারদের ব্যবসা চালিয়ে যাওয়ার ক্ষেত্রে অসুবিধার সৃষ্টি হয়। মন্ত্রণালয়ের ২৩-১০-৯০ ইং তারিখের ভূম/৭-বিবিধ-৩/৮৭ (হাট)/৫৪৭(৬৪) স্মারকের নির্দেশ মোতাবেক ১৬-০৩-৮৭ ইং তারিখ পর্যন্ত সময়ে হাট/বাজারের খালি জায়গায় ব্যবসা করিবার জন্য যে সকল অস্থায়ী লাইসেন্স প্রদান করা হইয়াছে সেই সকল অস্থায়ী লাইসেন্সের নবায়ন ফি আদায় করতঃ উহা '৭-ভূমি রাজস্ব' খাতে জমা প্রদানের উল্লেখ থাকিলেও জেলা প্রশাসকগণ উল্লেখিত লাইসেন্স ফি আদায় না করায় সরকার হাট/বাজার হইতে বিপুল পরিমাণ রাজস্ব আয় হইতে বঞ্চিত হইয়াছে। অপরদিকে হাট/বাজারের অভ্যন্তরস্থ সরকারী খাসজমি ইজারা প্রদান বন্ধ থাকায় অপরিকল্পিত এবং অবৈধভাবে দোকনপাট গড়িয়া উঠিয়াছে। ফলে হাট/বাজারের অভ্যন্তরে তোহা বাজার এবং রাস্তাঘাট সংকুচিত হইয়া জনসাধারণের ব্যবহারের অনুপযোগী হইয়া পড়িয়াছে।

২। উল্লেখিত অবস্থার পরিপ্রেক্ষিতে হাট/বাজারের অভ্যন্তরস্থ খাসজমির একসনা ইজারা প্রদানের লক্ষ্যে বিভাগীয় কমিশনারদের নিকট খসড়া নীতিমালা প্রণয়ন করিয়া মন্ত্রণালয়ে প্রেরণ করিবার জন্য অনুরোধ করা হয়। কমিশনার মহোদয়গণের নিকট হইতে প্রাপ্ত খসড়া নীতিমালা ও সুপারিশের আলোকে ১৪-০৮-৯৫ ইং তারিখে ভূমি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্তঃ মন্ত্রণালয় সভায় সরকার হাট/বাজারের অভ্যন্তরস্থ খাসজমি একসনা ইজারা বন্দোবস্তের বিষয়ে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করিয়াছেন :-

(১) হাট/বাজারের অভ্যন্তরস্থ খাসজমি একসনা ইজারা বন্দোবস্ত প্রদানের পূর্বে দেশের সমগ্র হাট/বাজার সরেজমিনে জরিপ করিয়া হাট/বাজারের পেরীফেরী, তোহা বাজার, চান্দিনা ভিট এবং বন্দোবস্তযোগ্য খাসজমি চিহ্নিত করতঃ ৪ (চার) কপি নকশা প্রস্তুত করিয়া কালেক্টর/জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন করাইতে হইবে। অনুমোদিত নকশা ইউনিয়ন/ওয়ার্ড ভূমি অফিস, থানা ভূমি অফিস, জেলা প্রশাসকের কার্যালয় এবং জেলা রেকর্ড রুমে সংরক্ষণ করিতে হইবে। সহকারী কমিশনার (ভূমি)/থানা রাজস্ব কর্মকর্তা এই পরিপত্র প্রাপ্তির ১ (এক) মাসের মধ্যে উল্লেখিত জরিপ কাজ সম্পন্ন করিবেন।

(২) অনুমোদিত নকশায় চিহ্নিত বন্দোবস্তযোগ্য হাট/বাজারের খাসজমি ইজারা চাহিয়া কেহ সহকারী কমিশনার (ভূমি)/থানা রাজস্ব অফিসারের নিকট আবেদন করিলে আবেদনপত্রখানার উপর সরেজমিনে তদন্ত করা হইয়া (সম্ভব হইলে সহকারী কমিশনার (ভূমি)/থানা রাজস্ব অফিসার ব্যক্তিগতভাবে) স্কেচ ম্যাপসহ একটি প্রতিবেদন সংগ্রহ করিবেন। উক্ত প্রতিবেদনের আলোকে একটি বিবিধ নথি সৃজন করতঃ যাবতীয় রেকর্ডপত্র সুপারিশসহকারে থানা নির্বাহী অফিসারের মাধ্যমে জেলা প্রশাসকের নিকট প্রেরণ করিতে হইবে। বিবিধ নথিতে লাইসেন্স/ভাড়ার হার উল্লেখ করিতে হইবে। সহকারী কমিশনার (ভূমি)/থানা রাজস্ব অফিসার কর্তৃক প্রেরিত প্রস্তাব জেলা প্রশাসক কর্তৃক অনুমোদিত হওয়ার পর ধার্যকৃত লাইসেন্স ফি/ভাড়া আদায় করতঃ ইজারাদায়িত্বের সাথে চুক্তিপত্র সম্পাদন করিয়া



জমির দখল হস্তান্তর করিতে হইবে। চুক্তিপত্রে সরকার পক্ষে সহকারী কমিশনার (ভূমি)/থানা রাজস্ব কর্মকর্তা অথবা তাহার অবর্তমানে থানা নির্বাহী অফিসার স্বাক্ষর করিবেন এবং অনুমোদিত বিবিধ নথি থানা ভূমি অফিসে সংরক্ষণ করিতে হইবে।

(৩) জেলা প্রশাসকের সিদ্ধান্তের বিরুদ্ধে ইজারা প্রস্তাব অনুমোদন সংক্রান্ত কাহারো কোন অভিযোগ থাকিলে তিনি জেলা প্রশাসকের সংশ্লিষ্ট সিদ্ধান্ত প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের নিকট আপীল দায়ের করিতে পারিবেন। বিভাগীয় কমিশনারের সিদ্ধান্তের বিরুদ্ধে ভূমি আপীল বোর্ডে উক্ত সিদ্ধান্ত প্রদানের ৬০ (ষাট) দিনের মধ্যে আপীল দায়ের করা যাইবে। ভূমি আপীল বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(৪) একজন আবেদনকারীকে ০.০০৫ (অর্ধ শতক) একরের বেশী খাসজমি ইজারা প্রদান করা যাইবে না। আবেদনকারীকে প্রকৃত ব্যবসায়ী হইতে হইবে। সহকারী কমিশনার (ভূমি)/রাজস্ব কর্মকর্তা এই বিষয়টি নিশ্চিত হওয়ার পরেই আবেদনপত্রটির উপর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবেন।

(৫) একই পরিবারের একজনের বেশী সদস্যকে হাট/বাজারের অভ্যন্তরস্থ খাসজমি ইজারা প্রদান করা যাইবে না। এই ক্ষেত্রে পরিবার বলিতে এস, এ, এ্যাঞ্চে বর্ণিত সংজ্ঞায়িত পরিবারকে বুঝাইবে।

(৬) দোকানের লাইসেন্স ফি/ভাড়া নিম্নহারে আদায় করিতে হইবে। উল্লেখ্য ০.০১ একর = ৪০ বর্গ মিটার (প্রায়) :-

	প্রতিবর্গ মিটার বার্ষিক
(ক) সিটি কর্পোরেশন ও বিভাগীয় সদরভূক্ত এলাকা.....	২,০০০/- টাকা
(খ) জেলা সদর.....	৫০০/- টাকা
(গ) জেলা সদর ব্যতীত পৌর এলাকা.....	২০০/- টাকা
(ঘ) থানা সদর.....	১০০/- টাকা
(ঙ) অন্যান্য.....	৫০/- টাকা

(৭) হাট/বাজারের কোন জমি স্থায়ী বন্দোবস্ত প্রদান করা যাইবে না। সরকারের উন্নয়ন প্রকল্পে যে কোন সময় ইজারাদারগণ উক্ত জমি ছাড়িয়া দিতে এবং উক্ত জমির উপর নির্মাণকৃত অবকাঠামো নিজ খরচে সরাইয়া নিতে বাধ্য থাকিবেন মর্মে অংগীকারনামা দিতে হইবে।

(৮) কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে বন্দোবস্তকৃত কোন জমি হস্তান্তর বা জমির প্রকৃতি পরিবর্তন করা যাইবে না। বন্দোবস্তকৃত জমি সাব-লীজ/ভাড়া প্রদান করা যাইবে না। সাব-লীজ/ভাড়া প্রদান করা হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে।

(৯) তোহা বাজার সংকুচিত হইবার ফলে প্রান্তিক উৎপাদকের উৎপাদিত দ্রব্যাদি বাজারে ঢুকিবার পূর্বেই সস্তায় বিক্রি হয় এবং উৎপাদকেরা ক্ষতিগ্রস্ত হয়। তাই তোহা বাজারের জন্য কমপক্ষে হাটের মোট জায়গার অর্ধেক জায়গা সংরক্ষিত রাখা প্রয়োজন। তোহা বাজারে এবং গো-হাটার জন্য নির্ধারিত স্থান ইজারা প্রদান করা যাইবে না।

(১০) সরকার কর্তৃক অনুমোদিত নকশা বহির্ভূত অথবা সরকার কর্তৃক অননুমোদিত কোন হাটের জমি ইজারা প্রদান করা যাইবে না। বাজারের পেরীফেরী পুনঃনির্ধারণ করিবার সময়ে সতর্কতা অবলম্বন করিতে হইবে। যদি কোন হাট/বাজারের পরিসর (পেরীফেরী) বৃদ্ধি পাইয়া থাকে বা সম্প্রসারিত হইয়া থাকে সেক্ষেত্রে জেলা প্রশাসক বিধি মোতাবেক উক্ত সম্প্রসারিত জমি অধিগ্রহণের মাধ্যমে হাট/বাজারের অন্তর্ভুক্ত করিবার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন। এই ক্ষেত্রে অধিগ্রহণকৃত জমির মূল্য সংশ্লিষ্ট হাট/বাজার উন্নয়ন তহবিল হইতে পরিশোধ করিবার ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(১১) হাট বাজারের সরকারী খাসজমিতে দীর্ঘদিন যাবৎ অবৈধভাবে যাহারা ব্যবসা পরিচালনা করিয়া আসিতেছেন তাহাদের মধ্যে যাহারা নিজে ঘর নির্মাণ করিয়া ব্যবসা পরিচালনা করিয়া আসিতেছে, ইজারা প্রদানের ক্ষেত্রে তাহাদের বিষয়টি বিবেচনায় আনা যাইতে পারে। সেক্ষেত্রে তাহাদের নিকট হইতে পূর্বের ক্ষতিপূরণ (সুদসহ) আদায় করিতে হইবে। উক্ত ক্ষতিপূরণ ১ (এক) মাসের মধ্যে পরিশোধ করিতে ব্যর্থ হইলে তাহাদেরকে আইনানুগভাবে উচ্ছেদের ব্যবস্থা করিতে হইবে। ইহা ছাড়া যে সকল অবৈধ দখলদার ঘর তুলিয়া নিজে ব্যবসা পচালনা না করিয়া অন্যের নিকট ভাড়া দিয়া আসিতেছে তাহাদেরকে উচ্ছেদের মাধ্যমে অপসারণের ব্যবস্থা করিতে হইবে।

(১২) আধা-পাকা ভবন নির্মাণের ক্ষেত্রে স্থানীয় সরকার প্রকৌশল বিভাগের নকশা অনুমোদন ও যথাযোগ্য কর্তৃপক্ষের অনুমোদন সংক্রান্ত বিষয়টি স্পষ্টীকরণের জন্য কোন হাট/বাজারের মাষ্টার প্লানকে ক্ষতিগ্রস্ত না করিয়া জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখার সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী কর্তৃক অনুমোদিত নকশা, ডিজাইন সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি), থানা নির্বাহী অফিসারের মাধ্যমে সংশ্লিষ্ট জেলা প্রশাসক এর অনুমোদন গ্রহণের বিষয়টি ব্যাখ্যামূলকভাবে সংযোজন করা যাইতে পারে। তবে এই ক্ষেত্রে কোন ক্রমেই কোন নির্মাণের/দোকানের ছাদ পাকা করার অনুমোদন দেওয়া যাইবে না।

(১৩) হাট/বাজারের পেরীফেরীর মধ্যে সরকারী সম্পত্তি যেমন- দালান-কোঠা, গাছ-পালা ইত্যাদি নষ্ট হইলে বা প্রাকৃতিক কারণে পড়িয়া গেলে ঐসকল মালামাল জেলা প্রশাসকের অনুমতি গ্রহণ করতঃ নিলামে বিক্রয় করিয়া বিক্রয়লব্ধ অর্থ “৭-ভূমি রাজস্ব” খাতে জমা দিতে হইবে।

(১৪) হাট/বাজার হইতে ইজারাদার কর্তৃক টোল/তোলা আদায়ের হার হাট/বাজারের প্রকাশ্য স্থানে সর্বসাধারণের অবগতির জন্য টাংগাইয়া দিতে হইবে। সহকারী কমিশনার (ভূমি)/রাজস্ব অফিসার এবং থানা নির্বাহী অফিসার এই বিষয়টি নিশ্চিত করিবেন। যে সমস্ত শর্তাবলীর আলোকে হাট/বাজারের খাসজমি অস্থায়ী ইজারা প্রদান করা হইবে, ইজারা গ্রহীতাগণ কর্তৃক ঐ সমস্ত শর্ত ভঙ্গ করিলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে।

(১৫) যে সমস্ত চান্দিনা ভিটি ১৬-০৩-৮৭ ইং তারিখের পূর্বে স্থায়ী বা একসনা ইজারা প্রদান করা হইয়াছে ঐ সমস্ত বন্দোবস্তীয় চান্দিনা ভিটির কোন লাইসেন্স ফি/ভাড়া বকেয়া থাকিলে উক্ত লাইসেন্স ফি/ভাড়া পূর্বের হারে সুদসহ আদায় করিতে হইবে।

(১৬) অবৈধভাবে যাহার হাট/বাজারের খাসজমিতে ব্যবসারত আছে তাহাদের মধ্য হইতে যদি কাহাকেও কোন খাসজমি বন্দোবস্ত প্রদান করা হয় উক্ত ব্যবসায়ীগণের নিকট হইতে বকেয়া সুদসহ বর্তমান নীতিমালা মোতাবেক নির্ধারণপূর্বক আদায়ের ব্যবস্থা করিতে হইবে।

(১৭) হাট/বাজারের বন্দোবস্ত গ্রহণকারী ব্যবসায়ী/ ইজারাদার যথাসময়ে পাওনা পরিশোধ অথবা ইজারার অন্য কোন শর্ত ভঙ্গ করিলে তাঁহার আধা-পাকা নির্মাণ/নির্মাণসমূহ দায়মুক্তভাবে সরকারের বরাবরে বাজেয়াপ্ত হইবে এবং এইরূপ নির্মাণের জন্য উচ্ছেদকৃত বন্দোবস্ত গ্রহণকারী/ইজারাদার কোনরূপ ক্ষতিপূরণ পাইবে না।

হাট/বাজারের পেরীফেরীর মধ্যে সর্বসাধারণের ব্যবহার্য পুকুর ব্যতীত অন্যান্য পুকুরের ক্ষেত্রে প্রচলিত জলমহাল ব্যবস্থাপনা সম্পর্কিত নীতিমালা অনুসারে উক্ত পুকুর/পুকুরগুলি ইজারা বন্দোবস্ত প্রদান করিতে হইবে।

(১৮) হাট/বাজারের খাসজমি ইজারা প্রদান বন্ধ সংক্রান্ত অত্র মন্ত্রণালয়ের ১৬-০৩-৮৭ ইং তারিখের ভূম/৭-বিবিধ-৩/৮৭/১৩৯(৬৪) নং স্মারকে জারীকৃত আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হইল।

(সৈয়দ মারশুব মোর্শেদ)

সচিব

ভূমি মন্ত্রণালয়।

স্মারক নং-ভূম-৭-বিবিধ-২৪/৯৫/৪৯১ (৭৪)

তারিখ- ০৭-১০-১৯৯৫ ইং

২২-০৬-১৪০৩ বাং

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল :-

- ১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৫। কমিশনার ..... বিভাগ .....
- ৬। জেলা প্রশাসক .....

স্বা/- (শ্বপন কুমার সরকার)

সিনিয়র সহকারী সচিব)

ভূমি মন্ত্রণালয়

স্মারক নং- ভূম/৭-বিবিধ-২৪/৯৫/৪৯১(৭৪)১(৯২০)

তারিখ : ০৭-১০-১৯৯৬ ইং

২২-০৬-১৪০৩ বাং

অবগতি ও আইনানুগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল।

- ১। থানা নির্বাহী অফিসার (সকল)
- ২। সহকারী কমিশনার (ভূমি) (সকল)

স্বা/- (শ্বপন কুমার সরকার)

সিনিয়র সহকারী সচিব

ভূমি মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি মন্ত্রণালয়  
শাখা-৭

বিষয় : হাটবাজারের সরকারী খাসজমিতে বহুতলবিশিষ্ট ভবন এবং বহুতলবিশিষ্ট মার্কেট নির্মাণ প্রসঙ্গে।

সূত্র : ভূমি মন্ত্রণালয়ের ৭-১০৯৬খ্রীঃ তারিখের ভূঃমঃ-৭-বিবিধ-২৪/৯৫/৪৯৮(৭৪) নং স্মারকপত্র।

হাটবাজারে সরকারী খাসজমি বন্দোবস্ত প্রদান প্রসঙ্গে সূত্রে উল্লেখিত স্মারকমূলে কিছু সুনির্দিষ্ট দিক নির্দেশনা প্রদান করা হয়েছিল। কিন্তু উল্লেখিত স্মারকে দেশের মেট্রোপলিটন শহর, সিটি কর্পোরেশন, পৌরসভা ও থানা সদরে বহুতলবিশিষ্ট মার্কেট নির্মাণ প্রসঙ্গে কোন কিছু উল্লেখ নেই। দেশের জনসংখ্যা বৃদ্ধির কারণে বর্তমান হাটবাজারগুলির উপর অব্যাহতভাবে চাপ বাড়ছে। ফলে হাটবাজারসমূহে সুষ্ঠুভাবে বেচা-কেনা করায় অসুবিধা হচ্ছে। পাশাপাশি নতুন নতুন হাটবাজার প্রতিষ্ঠা করার প্রয়োজনীয়তা দেখা দিচ্ছে। এ সমস্যা নিরসনকল্পে হাটবাজারের সরকারী খাস জায়গায় আধাপাকা ভবন নির্মাণের সাথে সাথে বহুতলবিশিষ্ট মার্কেট নির্মাণও প্রয়োজন হয়ে পড়ছে। এ বিষয়টি গত ৩০-৪-৯৮খ্রীঃ তারিখে বিভাগীয় কমিশনারগণের উপস্থিতিতে ভূমি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত মাসিক সভায় বিশদভাবে আলোচিত হয় এবং হাটবাজারগুলিতে জায়গা সংকুলান না হওয়ায় হাটবাজারসমূহে বহুতলবিশিষ্ট ভবন নির্মাণ করার প্রস্তাব করা হয়।

উক্ত প্রস্তাবের আলোকে ভূমি মন্ত্রণালয় হতে জারীকৃত সূত্রে উল্লেখিত স্মারকপত্রের কিছু সংযোজনী ও সংশোধনী আনয়ন করা প্রয়োজন। এর প্রেক্ষিতে বর্ণিত স্মারকপত্রের ১২নং অনুচ্ছেদ নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত এবং ঐ অনুচ্ছেদের (১২নং অনুচ্ছেদের) পর ১২(ক), ১২(খ), ১২(গ) এবং ১২(ঘ) উপ-অনুচ্ছেদ নিম্নেবর্ণিতভাবে সংযোজিত হবে।

**১২নং অনুচ্ছেদের প্রতিস্থাপন :**

মেট্রোপলিটন শহর, সিটি কর্পোরেশন, পৌরসভা এবং থানা সদর অধিক্ষেত্রের বাহিরে যে কর্তৃপক্ষই হাটবাজারে আধাপাকা ভবন নির্মাণ করুক না কেন, হাটবাজারের মাষ্টার প্ল্যানকে ক্ষতিগ্রস্ত না করে উহার নক্সা ও ডিজাইন অভিজ্ঞ প্রকৌশলী দ্বারা প্রস্তুত করতে হবে। উক্ত নক্সা ও ডিজাইন সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি), থানা নির্বাহী কর্মকর্তা এর মাধ্যমে জেলা প্রশাসক কর্তৃক চূড়ান্তভাবে অনুমোদিত হতে হবে।

**উপ-অনুচ্ছেদ ১২(ক), ১২(খ), ১২(গ) এবং ১২(ঘ) সংযোজন :**

১২(ক)ঃ দেশের সকল মেট্রোপলিটন এলাকায়, সিটি কর্পোরেশন, পৌরসভা এবং থানা অধিক্ষেত্রের মধ্যে অবস্থিত হাটবাজার অভ্যন্তরস্থ খাসজমিতে কেবলমাত্র জনস্বার্থে ও সরকারী/বেসরকারী অর্থায়নে অথবা বৈদেশিক সাহায্যে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে আধুনিক বহুতলবিশিষ্ট মার্কেট ভবন নির্মাণ করা যাবে। তবে বহুতল মার্কেট নির্মাণের প্রকল্প প্রস্তাব এবং অর্থায়নের উৎস সম্পর্কে প্রস্তাব অবশ্যই ভূমি মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হতে হবে।

১২(খ)ঃ উপ-অনুচ্ছেদ ১২(ক) অনুযায়ী সরকারের যে কর্তৃপক্ষই বহুতলবিশিষ্ট মার্কেট নির্মাণ করুন না কেন এবং যে কর্তৃপক্ষই অর্থ বরাদ্দ করুক না কেন হাটবাজারের অভ্যন্তরস্থ জমির মালিকানা সরকার তথা ভূমি মন্ত্রণালয়ের পক্ষে জেলা প্রশাসকের নামে থাকবে। অর্থাৎ মালিকানা কোনক্রমেই হস্তান্তরিত হবে না। বহুতল ভবন নির্মাণের পর নির্মিত বহুতল ভবনে যেসব দোকান ভাড়া দেওয়া হবে সেগুলির বরাদ্দপ্রাপ্তদের কোন মালিকানা থাকবে না এবং সরকার বৃহত্তর জনস্বার্থে অথবা অন্য যে কোন প্রয়োজনে উক্ত দোকানের বরাদ্দ বাতিল করতে পারবে।

১২ (গ)ঃ বহুতলবিশিষ্ট মার্কেট নির্মাণের প্রাক্কালে ৬ (ছয়) সদস্যবিশিষ্ট একটি নির্মাণ কমিটি গঠন করতে হবে। উক্ত নির্মাণ কমিটি নিম্নরূপ হবেঃ

১। সংশ্লিষ্ট অতিরিক্ত জেলা প্রশাসক (রাঃ)	আহবায়ক
২। সংশ্লিষ্ট এল. জি. ই. ডির জেলা প্রকৌশলী	সদস্য
৩। সংশ্লিষ্ট থানা নির্বাহী অফিসার	সদস্য
৪। সংশ্লিষ্ট পৌরসভার কমিশনার/ইউ, পি চেয়ারম্যান	সদস্য
৫। সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি)	সদস্য
৬। সংশ্লিষ্ট নির্মাণ কর্তৃপক্ষ মনোনীত ১ জন প্রকৌশলী	সদস্য
৭। সংশ্লিষ্ট নির্মাণ কর্তৃপক্ষ/ বেসরকারী উদ্যোক্তার প্রতিনিধি	সদস্য-সচিব

মেট্রোপলিটন এলাকা, সিটি কর্পোরেশন, পৌরসভা এবং থানা অধিক্ষেত্রের মধ্যে অবস্থিত হাটবাজারে সরকারী/বেসরকারী উদ্যোগে যে কর্তৃপক্ষই বহুতল ভবন নির্মাণ করুক না কেন উপরে উল্লেখিত কমিটির মাধ্যমে তা করতে হবে। এ কমিটির পক্ষে অতিরিক্ত জেলা প্রশাসক (রাঃ) এবং সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) দোকান বরাদ্দের সালামি এবং ভাড়া নির্ধারণ করবে। সরকারের এ দু'জন কর্মকর্তার উপস্থিতি ব্যতিরেকে কোন সালামি/ভাড়া নির্ধারণ চূড়ান্ত করা যাবে না।

১২(ঘ)ঃ উপ-অনুচ্ছেদ ১২(খ) তে বর্ণিত বরাদ্দকৃত দোকানসমূহ হতে আদায়কৃত সালামির ২৫% এবং ভাড়ার ৩০% টাকা ভূমি মন্ত্রণালয়ের পাওনা হিসেবে ৭-ভূমি রাজস্ব খাতে জমা প্রদান করতে হবে। সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তা/কর্মচারী উক্ত অর্থ আদায়ের ব্যবস্থা গ্রহণ করবে।

স্বা/- মুহাম্মদ ওমর ফারুক  
সচিব  
ভূমি মন্ত্রণালয়।

স্মারক নং ভূম/৭-হাট-১/৯৮/১০৫(৭৬)

তারিখ : ০৪-০৪-১৯৯৯ খঃ  
২১-১২-১৪০৫ বাং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।



- ৫। কমিশনার, ..... বিভাগ .....
- ৬। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, লালমাটিয়া, ঢাকা।
- ৭। জেলা প্রশাসক, ..... (সকল)।

স্বা/- আহমেদ উল্লাহ  
 সিনিয়র সহকারী সচিব  
 ভূমি মন্ত্রণালয়।

স্মারক নং ভূম/৭-হাট-১/৯৮/১০৫(৭৬)/১/(৯২৮) তারিখ : ০৪-০৪-১৯৯৯ খৃঃ  
 ২১-১২-১৪০৫ বাং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। থানা নির্বাহী অফিসার, ..... জেলা ..... (সকল)।
- ২। সহকারী কমিশনার (ভূমি), ..... জেলা ..... (সকল)।

স্বা/- মুহাম্মদ ওমর ফারুক  
 সচিব  
 ভূমি মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি মন্ত্রণালয়  
শাখা নং-৭

বিষয় : হাট-বাজারের সরকারী খাসজমির উপর স্থাপিত দোকানে লাইসেন্স ফি/ভাড়া পুনর্নির্ধারণ প্রসঙ্গে।

স্মারক নং-ভূম-৭-বিবিধ-২৪/৯৫/৪৯১(৭৪)১(৯২০)

তারিখঃ ০৭/১০/১৯৯৬ইং  
২২/০৬/১৪০৩বাং

হাট-বাজারের সরকারী খাসজমি বন্দোবস্ত প্রদান প্রসঙ্গে ভূমি মন্ত্রণালয়ের তারিখের ভূম/৭-বিবিধ-২৪/৯৫-৪৯১(৭৪) নং স্মারকের ২(৬) নং অনুচ্ছেদে বর্ণিত দোকানের লাইসেন্স ফি/ভাড়া নিম্নবর্ণিত হারে সরকার পুনর্নির্ধারণ করার সিদ্ধান্ত নিয়েছে :-

এলাকার নাম	প্রতি বর্গমিটার বার্ষিক
(ক) সিটি কর্পোরেশন ও বিভাগীয় সদরভুক্ত এলাকা	৫০০/-
(খ) জেলা সদর	৩০০/-
(গ) জেলা সদর ব্যতীত পৌর এলাকা	১৫০/-
(ঘ) উপজেলা সদর	৫০/-
(ঙ) অন্যান্য এলাকা	২৫/-

২। উপরোক্ত পুনর্নির্ধারিত ফি/ভাড়া ১৪০৮ বাংলা সনের ১লা বৈশাখ (১৪ই এপ্রিল ২০০২ ইং) হতে কার্যকর হবে এবং ইহার পূর্বের সকল বকেয়া লাইসেন্স ফি/ভাড়া সুদসহ পূর্বের হারেই আদায় করতে হবে।

৩। ০৭/১০/৯৬ ইং (২২/০৬/১৪০৩ বাং) তারিখের ভূম/৭-বিবিধ-২৪/৯৫/৪৯১(৭৪)নং স্মারকে জারীকৃত আদেশে এতদসংক্রান্ত অন্যান্য নিয়মাবলী যথারীতি অনুসরণ করতে হবে।

স্বা/- এম, সাইফুল ইসলাম  
সচিব।

স্মারক নং-ভূঃমঃ/শা-৭/হাট-১/৯৮-৩৬০(৫৫৪)

তারিখ : ০৪-০৯-১৪০৭ বাং  
১৭-০১-২০০১ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল :-

- ১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
- ৪। মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৫। কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট বিভাগ।
- ৬। জেলা প্রশাসক, ..... জেলা।
- ৭। হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), ভূমি মন্ত্রণালয়।
- ৮। সহকারী কমিশনার (ভূমি), উপজেলা- ..... জেলা- .....

স্বা/- (মোঃ মুস্তাফিজুর রহমান)  
সিনিয়র সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
প্রজেই-২

স্মারক নং প্রজেই-২/হ-৫/২০০০/৪০৮ (৫২৭২)

তারিখ : ৫ই শ্রাবন, ১৪০৯ বাংলা  
২০ই জুলাই, ২০০২ ইং

প্রেরক : এ. ওয়াই. বি. আই. সিদ্দিকী  
সচিব  
স্থানীয় সরকার বিভাগ।

প্রাপক : (১) মেয়র

..... সিটি কর্পোরেশন।

(২) জেলা প্রশাসক,

..... জেলা।

(২) চেয়ারম্যান/প্রশাসক

..... পৌরসভা, জেলা .....

(৩) উপজেলা নির্বাহী কর্মকর্তা

..... জেলা .....

(৪) চেয়ারম্যান

..... ইউনিয়ন পরিষদ

উপজেলা ..... জেলা .....

বিষয় : সরকারী হাট-বাজারসমূহের ইজারা পদ্ধতি, ব্যবস্থাপনা এবং উহা হইতে প্রাপ্ত আয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের মধ্যে বন্টন সম্পর্কে নীতিমালা।

সরকারী হাট-বাজার ইজারা পদ্ধতি ও ব্যবস্থাপনা সংক্রান্ত, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারীকৃত ১৪ই অক্টোবর ১৯৯৬ তারিখের প্রজেই-২/হ-২৫/৯৬/২৮৪(৫০৫৫) নং স্মারক এবং এতদসংক্রান্ত অন্যান্য সকল আদেশ বাতিলক্রমে সরকার হাট-বাজার ব্যবস্থাপনা এবং ইজারা পদ্ধতির বিষয়ে নিম্নলিখিত নীতিমালা জারী করিলেন।

১। হাট-বাজারের ইজারা প্রদান পদ্ধতি :

(১) ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ :

(ক) প্রতিটি উপজেলার ভৌগলিক সীমার মধ্যে সকল হাট-বাজার ইজারা প্রদানের এখতিয়ার সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের উপর বর্তাইবে।

(খ) সংশ্লিষ্ট পৌরসভা/সিটি কর্পোরেশন তাহাদের ভৌগলিক সীমারেখার মধ্যে অবস্থিত হাট-বাজার গুলি ইজারা প্রদান করিবে।

(গ) প্রতিটি জেলায় মুক্তিযোদ্ধা সংসদের জন্য চিহ্নিত একটি হাট-বাজার সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক ইজারা কার্যক্রম পরিচালিত হইবে।

(ঘ) প্রত্যেক ইউনিয়ন পরিষদের জন্য ঐ ইউনিয়নের অন্তর্ভুক্ত (যেখানে প্রযোজ্য) একটি হাট-বাজার সুনির্দিষ্টভাবে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে সংরক্ষিত থাকিবে :

- (১) ১৪০৯ বাংলা সালে হাট-বাজারটির ইজারামূল্য এক লক্ষ টাকার কম হইতে হইবে;
- (২) হাট বাজারটির ইজারা প্রদান কার্যক্রম উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক অন্যান্য হাট-বাজারের সাথেই সম্পন্ন হইবে;
- (৩) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান উপজেলা নির্বাহী অফিসারের সাথে আলোচনাক্রমে হাট-বাজার নির্ধারণ করিবেন;
- (৪) ইজারালব্ধ টাকা হইতে অত্র নীতিমালার অনুচ্ছেদ-৩ (হাট-বাজার হইতে প্রাপ্ত ইজারালব্ধ অর্থ বন্টন পদ্ধতি) এর (খ) ১,২,৩,৪ উপ অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতি অনুসারে বন্টনের পর অবশিষ্ট ৫০% অর্থ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে প্রদান করা হইবে;
- (৫) পরবর্তী সময়ে উক্ত নির্ধারিত হাট-বাজারটির ইজারা মূল্য এক লক্ষ টাকা অতিক্রম করিলেও তাহা সংশ্লিষ্ট ইউনিয়নের জন্য সংরক্ষিত থাকিবে।

(২) ইজারা প্রদান প্রক্রিয়া :

- (ক) ইজারা বৎসর শুরু হওয়ার পূর্ববর্তী বৎসরের মাঘ মাস হইতে ইজারা প্রদান কার্যক্রম শুরু করিতে হইবে এবং সকল হাট-বাজারের ইজারা সংক্রান্ত কার্যক্রমের একটি পূর্ণাঙ্গ ক্যালেন্ডার প্রস্তুত করতঃ স্থানীয় সরকার বিভাগে অবশ্যই প্রেরণ করিতে হইবে। উপজেলা নির্বাহী অফিসার এবং 'খ' ও 'গ' শ্রেণীর পৌরসভা উক্ত ক্যালেন্ডারের একটি কপি সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট প্রেরণ করিবে।
- (খ) হাট-বাজারের ইজারা বাংলা বৎসরের ভিত্তিতে (বৈশাখ-চৈত্র) ১ (এক) বৎসরের জন্য প্রদান করিতে হইবে। কোন বৎসরের যাবতীয় ইজারা কার্যক্রম পূর্ববর্তী বৎসরের ২০শে চৈত্রের মধ্যে সমাপ্ত করিতে হইবে।
- (গ) হাট-বাজারের প্রাপ্ত ইজারামূল্য হইতে ইজারাজনিত খরচ নির্বাহ করিতে হইবে।

(৩) টেন্ডার পদ্ধতি :

- (ক) সরকারী হাট-বাজার ইজারা প্রদানের জন্য সকল ক্ষেত্রে সীলমোহরযুক্ত দরপত্র আহবান করিতে হইবে। দরপত্রদাতাকে উদ্ধৃত মূল্যের ২০% অর্থ ব্যাংক ড্রাফটের মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হইবে। উক্ত টাকা হইতে ১৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিষ্কার পরিচ্ছন্ন না করিলে বা অন্য কোন ক্ষতিসাধন করিলে, উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যর্পণ করা হইবে।
- (খ) সিডিউল বিক্রির অর্থ পৌরসভা/সিটি কর্পোরেশনের নিজস্ব আয় হিসাবে গণ্য হইবে এবং উপজেলার ক্ষেত্রে উহা উপজেলা উন্নয়ন তহবিলে জমা প্রদান করিতে হইবে। জেলা প্রশাসকের ক্ষেত্রে উক্ত অর্থ সংশ্লিষ্ট পৌরসভা/সিটি কর্পোরেশনকে রাজস্ব আয় হিসাবে এবং উপজেলার হাট-বাজারের ক্ষেত্রে উক্ত অর্থ সংশ্লিষ্ট উপজেলা উন্নয়ন তহবিলে জমা প্রদানের জন্য প্রেরণ করিতে হইবে।

(গ) দরপত্র আবেদন সহজলভ্য করিবার নিমিত্তে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করিতে হইবে :

(১) হাট-বাজার ইজারার দরপত্রে অংশগ্রহণের জন্য দরপত্র দাখিলের পূর্বে নিম্নোক্ত কার্যালয় হইতে আবেদন ফরম ক্রয় করা যাইবে। যথাঃ-

উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক নিয়ন্ত্রিত হাট-বাজারের দরপত্রের আবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, সোনালী ব্যাংকের উপজেলা ও জেলা পর্যায়ের কার্যালয়, থানা (পুলিশ স্টেশন), অতিরিক্ত জেলা প্রশাসক (রাঃ) ও জেলা প্রশাসকের কার্যালয়।

(২) পৌরসভা কর্তৃক নিয়ন্ত্রিত হাট-বাজারের ক্ষেত্রে সংশ্লিষ্ট পৌরসভা কার্যালয় ছাড়াও উপরোক্ত কার্যালয়সমূহ হইতেও হাট-বাজার ইজারা দরপত্রের আবেদন ফরম সরবরাহ করা যাইবে।

(৩) সিটি কর্পোরেশন কর্তৃক নিয়ন্ত্রিত হাট-বাজারের দরপত্রের আবেদন সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন অফিস, উহাদের আঞ্চলিক অফিসসমূহ ও জেলা প্রশাসকের কার্যালয় হইতে সংগ্রহ করা যাইবে।

(৪) জেলা প্রশাসক কর্তৃক নিয়ন্ত্রিত মুক্তিযোদ্ধাদের জন্য নির্ধারিত হাট-বাজার ইজারা প্রদানের ক্ষেত্রে জেলা প্রশাসকের কার্যালয়সহ জেলার সকল উপজেলা নির্বাহী অফিস, সকল সহকারী কমিশনার(ভূমি) এর কার্যালয় হইতে সংগ্রহ করা যাইবে।

(ঘ) দরপত্র দাখিলের নির্দিষ্ট দিনের অন্ততঃ ১৫ দিন পূর্বে উপজেলার হাট-বাজারসমূহের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পৌরসভা অফিস, স্থানীয় স্বাস্থ্য কেন্দ্র, পোষ্ট অফিস, কমিউনিটি সেন্টার, সংশ্লিষ্ট হাট-বাজার, পুলিশ স্টেশন, সাব-রেজিষ্ট্রার অফিস, তহশিল অফিস, উপজেলা ও জেলা সদর দপ্তরে অবস্থিত গুরুত্বপূর্ণ অফিসসমূহে নোটিশ টাংগাইয়া প্রচারের ব্যবস্থা করিতে হইবে। ইহা ছাড়াও হাট-বাজারে মাইক, ঢোল-সহরতের মাধ্যমে, দরপত্র দাখিলের তারিখ এবং সময় ঘোষণার বন্দোবস্ত করিতে হইবে। অধিকন্তু, কোন হাট-বাজারের সন্ধ্যা আয় ২-২৫ লক্ষ টাকা পর্যন্ত হইলে স্থানীয় পত্রিকায় (যদি থাকে) এবং ২৫ লক্ষ টাকার অধিক হইলে জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করিতে হইবে এবং বিজ্ঞপ্তি প্রচারের জন্য ধর্তব্য মূল্য হইবে বিগত তিন বছরের সর্বোচ্চ দর।

(ঙ) দরপত্র জমা প্রদান সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করিতে হইবেঃ

(১) উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক নিয়ন্ত্রিত হাট-বাজারের দরপত্র উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কিংবা সহকারী কমিশনার (ভূমি) অথবা জেলা প্রশাসকের কার্যালয়ে জমা দেওয়া যাইবে।

(চ) প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করিতে হইবে এবং উক্ত দরের অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী তিন বৎসরের মধ্যে যে কোন বৎসরের সর্বোচ্চ ইজারা মূল্য হইতে কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করিতে হইবে। দ্বিতীয়বার দরপত্র আহবান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী তিন বৎসরের মধ্যে যে কোন বৎসরের সর্বোচ্চ ইজারা মূল্য হইতে কম হয় তাহা হইলে তৃতীয়বার দরপত্র আহবান করিতে হইবে। তৃতীয়বার দরপত্র আহবান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী তিন বৎসরের মধ্যে যে কোন বৎসরের সর্বোচ্চ ইজারা মূল্য হইতে কম হয় তাহা হইলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্ক্ষিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত রাখিতে হইবে। সেই সাথে নতুন বৎসর শুরু হইলে খাস আদায়ের পদক্ষেপ



গ্রহণ করিতে হইবে। অতঃপর যথাযথ ইজারা মূল্য না পাওয়ার বিষয়ে বিদ্যমান কারণ সম্বলিত একটি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার এবং 'খ' ও 'গ' শ্রেণীর পৌরসভা সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট এবং 'ক' শ্রেণীর পৌরসভা ও সিটি কর্পোরেশন, স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করিবে। প্রতিবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট জেলা প্রশাসক যথাসম্ভব দ্রুত তদন্তের ব্যবস্থা নিবেন এবং যথাযথ পদক্ষেপ গ্রহণ করিবেন। 'ক' শ্রেণীর পৌরসভা এবং সিটি কর্পোরেশনের ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগ উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিবে।

(ছ) খাস আদায়ের ক্ষেত্রে কার্যক্রম :

(১) উপজেলা নির্বাহী অফিসারের অধিভুক্ত হাট-বাজার এবং মুক্তিযোদ্ধাদের জন্য চিহ্নিত হাট-বাজারের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে সহকারী কমিশনার (ভূমি), সংশ্লিষ্ট এলাকার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং জেলা প্রশাসকের একজন প্রতিনিধি সমন্বয়ে একটি কমিটি গঠন করিতে হইবে। কমিটি প্রয়োজনে আরও সদস্য অন্তর্ভুক্ত করিতে পারিবে।

(২) পৌরসভার অধিভুক্ত হাট-বাজারের ক্ষেত্রে সংশ্লিষ্ট পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা এবং সিটি কর্পোরেশনের অধিভুক্ত হাট-বাজারের ক্ষেত্রে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের সচিবের সভাপতিত্বে পাঁচ সদস্য বিশিষ্ট কমিটি খাস আদায় কার্যক্রম পরিচালনা করিবে।

(৩) খাস আদায়ের ক্ষেত্রে লোকবল নিয়োগসহ যথোপযুক্ত পদক্ষেপ গ্রহণের ক্ষমতা কমিটির থাকিবে।

(৪) খাস আদায় কার্যক্রম পরিচালনার যাবতীয় ব্যয় নির্বাহের জন্য খাস আদায় কমিটি আদায়কৃত অর্থ হইতে প্রয়োজনীয় অর্থ ব্যয় করিতে পারিবে। তবে এই ব্যয়ের পরিমাণ আদায়কৃত অর্থের ৫% এর মধ্যে অবশ্যই সীমিত রাখিতে হইবে।

(৫) খাস আদায় চলাকালীন যদি সংশ্লিষ্ট হাট-বাজারটি ইজারা প্রদান করা হয়, সেই ক্ষেত্রে যতদিন খাস আদায় সম্পন্ন হইয়াছে, মূল ইজারা মূল্য হইতে আনুপাতিক হারে ঐ সময়ের নির্ধারিত মূল্য বাদ দিয়ে বাকি টাকা আদায়যোগ্য হইবে।

(৬) হাট-বাজার ইজারা প্রদানের পর ইজারা মূল্য গ্রহণান্তে, কোন কারণে ইজারাদারকে যথাসময়ে হাট-বাজার হস্তান্তর করা সম্ভব না হইলে অথবা হস্তান্তরের পর আইনগত কারণে সংশ্লিষ্ট ইজারাদার টোল আদায়ে বিরত থাকিতে বাধ্য হইলে টোল আদায় হইতে বিরত থাকাকালীন সময়ের জন্য, মোট মূল্যের আনুপাতিক হারে অর্থ ইজারাদারকে ফেরত প্রদান করিতে হইবে।

(জ) নিম্নলিখিত পদ্ধতিতে হাট-বাজার ইজারা প্রদানে দ্রুত সিদ্ধান্ত গ্রহণের ব্যবস্থা করিতে হইবে :

(১) উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক নিয়ন্ত্রিত হাট-বাজারের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্ট অফিসসমূহ হইতে তুলনামূলক বিবরণীসহ দরপত্র সংগ্রহপূর্বক একীভূত করিয়া তাহার মতামতসহ তিন কার্যদিবসের মধ্যে উন্নয়ন সমন্বয় কমিটির সভায় সিদ্ধান্তের জন্য উপস্থাপন করিবেন। উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি ৭(সাত) কার্যদিবসের মধ্যে তাহাদের সিদ্ধান্ত প্রদান করিবেন।

(২) গৃহীত দরপত্রসহ সকল দরপত্রের তুলনামূলক হিসাব পত্র (Statement) উন্মুক্ত স্থানে জনসাধারণের অবগতির জন্য প্রদর্শিত হইতে হইবে।

(ঝ) পৌরসভার হাট-বাজারের ক্ষেত্রে পৌরসভা কার্যালয় অথবা জেলা প্রশাসকের অফিসে সীলমোহরযুক্ত দরপত্র জমা দেওয়া যাইবে। এই ক্ষেত্রে জেলা প্রশাসক তাহার অফিসে প্রাপ্ত

দরপত্রের তুলনামূলক বিবরণী দরপত্রসহ পৌরসভার চেয়ারম্যানের নিকট পাঠাইবেন। পৌরসভার প্রধান নির্বাহী অফিসার/সচিব জেলা প্রশাসকের নিকট হইতে এবং পৌরসভার অফিসের প্রাপ্ত সকল দরপত্র একীভূত করিয়া ৩(তিন) কার্যদিবসের মধ্যে পৌরসভার টেন্ডার কমিটির নিকট উপস্থাপন করিবেন। টেন্ডার কমিটি দরপত্রসমূহ দাখিলের পরবর্তী ২ (দুই) কার্যদিবসের মধ্যে বাছাইয়ের পর সুপারিশ/মতামতসহ পৌরসভার চেয়ারম্যানের অনুমোদনের জন্য উপস্থাপন করিবেন। চেয়ারম্যান পরবর্তী ২ (দুই) কার্যদিবসের মধ্যে উল্লেখিত বিষয়ে অনুমোদন প্রদান করিবেন।

(এ) সিটি কর্পোরেশন এলাকার হাট-বাজারসূহের সলীমোহরযুক্ত দরপত্র সিটি কর্পোরেশন অফিস কিংবা উহাদের যে কোন আঞ্চলিক অফিসে অথবা জেলা প্রশাসক/বিভাগীয় কমিশনারের কার্যালয়ে জমা দেওয়া যাইবে। বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকের অফিসে প্রাপ্ত দরপত্রসমূহ বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খুলিবেন ও একটি তুলনামূলক বিবরণী তৈরীর পর সিটি কর্পোরেশনে প্রেরণ করিবেন। প্রধান নির্বাহী কর্মকর্তা দরপত্রসমূহ একীভূত করিয়া টেন্ডার কমিটির সভায় পেশ করিবেন এবং টেন্ডার কমিটির সুপারিশ সিটি কর্পোরেশনের সভায় বিবেচনা ও অনুমোদনের জন্য উপস্থাপন করিবেন।

(উ) কোন বিশেষ কারণে যদি দরপত্র দাখিলের তারিখ পরিবর্তন করার একান্ত প্রয়োজন হইয়া দাঁড়ায় তাহা হইলে সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার অথবা তাহাদের দ্বারা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা লিখিতভাবে দরপত্র গ্রহণের পরবর্তী তারিখ ও সময় ঘোষণা করিবেন। যাহার দরপত্র অনুমোদিত হইবে তাহাকে অনুমোদনের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক জানাইতে হইবে এবং দরপত্রদাতা অবহিত হইবার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে অবশিষ্ট সমুদয় অর্থ পরিশোধ করিবেন। অন্যথায় তাহার দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে ও জামানত বাজেয়াপ্ত হইবে। বাজেয়াপ্তকৃত অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিজস্ব রাজস্ব আয় হিসাবে গণ্য হইবে। গৃহীত দরের সম্পূর্ণ টাকা সরকারের নির্দিষ্ট খাতে জমা দেওয়ার পর হাট-বাজারের দখল অনুমোদিত দরপত্রদাতার নিকট নির্ধারিত চুক্তিনামার মাধ্যমে প্রদান করিতে হইবে। ইহার অন্যথা ঘটিলে সংশ্লিষ্ট কর্মকর্তাকে এইজন্য ব্যক্তিগতভাবে দায়ী করা হইবে।

(ঊ) উপজেলা নির্বাহী অফিসার, পৌরসভা এবং সিটি কর্পোরেশন হাট-বাজারসমূহ ইজারা প্রদান শেষে ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে প্রতিটি হাটের প্রাপ্ত ইজারা মূল্যের বিবরণী সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট প্রেরণ করিবেন। জেলা প্রশাসক মুক্তিযোদ্ধা সংসদের জন্য চিহ্নিত হাট-বাজারের প্রাপ্ত ইজারা সংক্রান্ত তথ্য এবং তাহার অধিক্ষেত্রের সকল হাট-বাজারের বিগত তিন বৎসরের আয়সহ বর্তমান বৎসরের আয়ের একটি তুলনামূলক বিবরণী প্রতিবৎসরের ৩০শে বৈশাখের মধ্যে স্থানীয় সরকার বিভাগে অবশ্যই প্রেরণ করিবেন।

(ঋ) হাট-বাজার হইতে ইজারালব্ধ আয় “হাট-বাজারের ইজারালব্ধ আয়” নামে ব্যাংক একাউন্ট খুলিয়া জমা রাখিতে হইবে। এই আয় ৩নং অনুচ্ছেদে বর্ণিত বন্টন নীতিমালা অনুযায়ী বিভিন্ন খাতে জমা প্রদান নিশ্চিত করিতে হইবে।

(৐) পৌরসভার টেন্ডার কমিটিতে সংশ্লিষ্ট জেলার সহকারী পরিচালক, স্থানীয় সরকার (এডিএলজি) কে সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিতে হইবে।

• (২) আপত্তি/আপিল নিষ্পত্তি :

- (ক) হাট-বাজার ইজারা সম্পর্কে কোন অভিযোগ থাকিলে দরপত্র অনুমোদনের ৭ (সাত) কার্যদিবসের মধ্যে পরবর্তী উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট লিখিত অভিযোগ দাখিল করিতে হইবে। হাট-বাজার ইজারা বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক গৃহীত সিদ্ধান্তের বিরুদ্ধে এবং খ ও গ শ্রেণীর পৌরসভা কর্তৃক গৃহীত অনুরূপ সিদ্ধান্তের বিরুদ্ধে জেলা প্রশাসকের নিকট ৭ (সাত) কার্যদিবসের মধ্যে আপত্তি উত্থাপন করা যাইবে। জেলা প্রশাসক প্রয়োজনীয় শুনানী শেষে আনীত অভিযোগ সম্পর্কে সিদ্ধান্ত প্রদান করিবেন। জেলা প্রশাসকের সিদ্ধান্তের বিরুদ্ধে কোন আপত্তি থাকিলে তাহা সিদ্ধান্ত প্রদানের ৭ (সাত) কার্যদিবসের মধ্যে বিভাগীয় কমিশনারের নিকট লিখিতভাবে দাখিল করিতে হইবে। বিভাগীয় কমিশনার ১০ (দশ) কার্যদিবসের মধ্যে উক্ত অভিযোগের বিষয়ে সিদ্ধান্ত প্রদান করিবেন। তাঁহার সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। 'ক' শ্রেণীর পৌরসভা এবং সিটি কর্পোরেশন কর্তৃক গৃহীত অনুরূপ সিদ্ধান্তের বিরুদ্ধে সিদ্ধান্ত প্রদানের ৭ (সাত) কার্যদিবসের মধ্যে বিভাগীয় কমিশনারের নিকট আপত্তি উত্থাপন করা যাইবে। বিভাগীয় কমিশনার প্রয়োজনীয় শুনানী শেষে উক্ত অভিযোগের উপর সিদ্ধান্ত প্রদান করিবেন। বিভাগীয় কমিশনারের সিদ্ধান্তের বিরুদ্ধে কোন আপত্তি থাকিলে সিদ্ধান্ত প্রদানের ৭ (সাত) কার্যদিবসের মধ্যে স্থানীয় সরকার বিভাগে আপিল দায়ের করা যাইবে। স্থানীয় সরকার বিভাগ অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করিবে। মুক্তিযোদ্ধা সংসদের জন্য চিহ্নিত হাট-বাজার ইজারা বিষয়ে জেলা প্রশাসক কর্তৃক গৃহীত সিদ্ধান্তের বিরুদ্ধে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের নিকট সিদ্ধান্ত প্রদানের ৭ (সাত) কার্যদিবসের মধ্যে আপত্তি উত্থাপন করা যাইবে। বিভাগীয় কমিশনার প্রয়োজনীয় শুনানী শেষে আনীত অভিযোগ সম্পর্কে সিদ্ধান্ত প্রদান করিবেন। বিভাগীয় কমিশনারের সিদ্ধান্তের বিরুদ্ধে কোন আপত্তি থাকিলে তাহা সিদ্ধান্ত প্রদানের ৭ (সাত) কার্যদিবসের মধ্যে স্থানীয় সরকার বিভাগে লিখিতভাবে দাখিল করিতে হইবে। স্থানীয় সরকার বিভাগ অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করিবে।
- (খ) উপজেলা নির্বাহী অফিসার/পৌরসভা চেয়ারম্যান অথবা প্রশাসক/জেলা প্রশাসক/সিটি কর্পোরেশনের মেয়র অথবা তাঁহাদের মনোনীত কর্মকর্তা স্ব-স্ব এলাকার/নিয়ন্ত্রিত এলাকার হাট-বাজারের ইজারার চুক্তি দলিলে স্বাক্ষর করিবেন।
- (গ) ইজারা চুক্তি ইজারাদার কর্তৃক সম্পাদিত হইবে। উক্ত চুক্তিতে সার্টিফিকেট পদ্ধতিতে পাওনা আদায়, ইজারার সময় শেষ হইবার পর হাট-বাজার সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/পৌরসভা/সিটি কর্পোরেশনকে ফেরত প্রদান, সরকারী কর্মকর্তাদের পরিদর্শনের অধিকার, হাট-বাজারের খালি জমিতে সরকারের অনুমোদন ব্যতীত কাঠামো তৈরী না করা, গাছপালা কর্তন না করা, বাজারের কোন প্রকার ক্ষতিসাধন না করা, বাজারের সীমানা সংকোচন না করা ইত্যাদি শর্ত চুক্তিপত্রে সন্নিবেশিত থাকিতে হইবে যাহা ভূমি ব্যবস্থাপনার ম্যানুয়েল, ১৯৯০ মোতাবেক নির্দিষ্ট ফরমে করিতে হইবে।
- (ঘ) ইজারাদার কর্তৃক নিয়মিতভাবে হাট-বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখিতে হইবে।
- (ঙ) উপজেলার ক্ষেত্রে জেলা প্রশাসক, পৌরসভার ক্ষেত্রে বিভাগীয় কমিশনার এবং সিটি কর্পোরেশনের ক্ষেত্রে প্রধান নির্বাহী কর্মকর্তা বিভিন্ন দ্রব্যের উপর বিস্তারিত যাচাই বাছাই পূর্বক টোল আদায়ের একটি পূর্ণাঙ্গ তালিকা রেইটসহ প্রস্তুত করতঃ অনুমোদন করিবেন। উক্ত রেইট এর তালিকা বাজারের বিভিন্ন স্থানে জনসাধারণের জ্ঞাতার্থে ইজারাদার কর্তৃক টাঙ্গাইয়া রাখিতে হইবে। ইজারাদার কর্তৃক হাট-বাজার পরিচ্ছন্ন রাখায় ব্যর্থতা, দৃশ্যমান স্থানে টোল রেইট টাঙ্গানোতে ব্যর্থতা এবং নির্ধারিত রেইটের চাইতে বেশী টোল আদায় করা হইলে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ উক্ত ইজারাদারের ইজারা চুক্তি বাতিল করিবেন।

### ৩। হাট-বাজার হইতে প্রাপ্ত ইজারালব্ধ অর্থ বন্টন পদ্ধতি :

(ক) উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক হাট-বাজারের ইজারালব্ধ আয় নিম্নলিখিতভাবে বন্টন করিতে হইবে :

- (১) প্রতিটি হাট-বাজারের ইজারালব্ধ আয় হইতে ইজারাজনিত খরচ বাদে অবশিষ্ট অর্থ হইতে ৫% অর্থ সেলামীস্বরূপ সরকারকে “৭-ভূমি-রাজস্ব” খাতে ট্রেজারী চালানোর মাধ্যমে ইজারা প্রদানের ৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রদান করিতে হইবে।
- (২) ২০% অর্থ ইউনিয়ন পরিষদের সচিব, দফাদার ও মহল্লাদারদের বেতন প্রদান বাবদ “৭-ভূমি রাজস্ব” খাতের অধীনে “৪-হাট-বাজার ইজারা হইতে জমা” নামক গোণ খাতে ট্রেজারী চালানোর মাধ্যমে ইজারার টাকা আদায়ের ৭ (সাত) কার্যদিবসের মধ্যে জমাদান করিতে হইবে। উভয় ক্ষেত্রে চালানোর এক কপি জেলা প্রশাসকের নিকট প্রেরণ করিতে হইবে।
- (৩) ১৫% অর্থ সংশ্লিষ্ট হাটের রক্ষণাবেক্ষণ/উন্নয়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির মাধ্যমে ব্যয় করিতে হইবে। তবে যে সকল হাট-বাজারে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণ করা হইয়াছে ঐ সমস্ত হাট-বাজারের জন্য সরকার ও দাতা সংস্থার মধ্যে সম্পাদিত চুক্তির শর্তানুযায়ী ১৫% অর্থ এর পরিবর্তে হাট-বাজারের রক্ষণাবেক্ষণের (Routine and Periodical Maintenance) জন্য প্রয়োজনবোধে ২৫% পর্যন্ত অর্থ বরাদ্দ দিতে হইবে।
- (৪) ১০% অর্থ সংশ্লিষ্ট উপজেলা উন্নয়ন তহবিলে উপজেলার অন্তর্গত হাট-বাজারসমূহের রক্ষণাবেক্ষণ/উন্নয়নের জন্য জমা হইবে। তবে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক কোন হাটের উন্নয়ন কার্যক্রম গ্রহণের কারণে সংশ্লিষ্ট হাটের রক্ষণাবেক্ষণ/উন্নয়নের জন্য বরাদ্দের পরিমাণ বৃদ্ধি করা হইয়া থাকিলে সেই সকল হাটের ইজারা মূল্য হইতে উপজেলা উন্নয়ন তহবিলে এই খাতে জমা দানের পরিমাণ আনুপাতিক হারে কমিয়া যাইবে অর্থাৎ সংশ্লিষ্ট হাট/বাজারের ইজারা মূল্য হইতে হাটের সংরক্ষণ ও উন্নয়ন বাবদ মোট ২৫% অর্থে সীমাবদ্ধ থাকিবে। এই খাতে প্রাপ্ত সমুদয় অর্থ উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সুপারিশ মোতাবেক উপজেলার অন্তর্গত অনুল্লত হাট-বাজারসমূহের উন্নয়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির মাধ্যমে ব্যয় করিতে হইবে এবং এই অর্থ দ্বারা উপজেলার প্রতিটি হাট-বাজারে জনসাধারণের ব্যবহারের জন্য অগ্রাধিকার প্রদানপূর্বক প্রয়োজনীয় সংখ্যক বিক্রয় ছাউনি (শেড), টিউবওয়েল স্থাপন, পয়ঃনিষ্কাশন ব্যবস্থা, ল্যাট্রিন/ইউরিনাল নির্মাণ করিতে হইবে। এই খাতে বরাদ্দকৃত অর্থ উপজেলা কমপ্লেক্সের ভিতরে কোন উন্নয়ন/সংস্কারমূলক কার্যে কিংবা কর্মকর্তাদের সুবিধা সৃষ্টি বা বৃদ্ধির জন্য ব্যয় করা যাইবে না। যদি কোন অব্যয়িত অর্থ থাকে তাহা পরবর্তী বৎসরে হাট-বাজারের উন্নয়নের জন্য ব্যয় করিতে হইবে। প্রয়োজনবোধে লেট্রিন/ইউরিনাল ব্যবহারকরীগণের নিকট হইতে নির্ধারিত হারে টোল আদায়ের মাধ্যমে সংশ্লিষ্ট ইজারাদারের তত্ত্বাবধানে এই সকল ল্যাট্রিন/ইউরিনাল রক্ষণাবেক্ষণের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।
- (৫) ৫% অর্থ যে ইউনিয়নে হাট-বাজারটি অবস্থিত সেই ইউনিয়ন পরিষদকে অতিরিক্ত প্রদান করিতে হইবে।
- (৬) অবশিষ্ট ৪৫% অর্থ উপজেলা উন্নয়ন তহবিলে জমা করিতে হইবে। জমাকৃত অর্থ সকল ইউনিয়নের মধ্যে জনসংখ্যা (৪০%), আয়তন (৪০%) এবং অনগ্রসরতার (২০%) ভিত্তিতে সুবন্টন করিতে হইবে।



(খ) সিটি কর্পোরেশন/পৌরসভার ক্ষেত্রে প্রাপ্ত হাটের আয় নিম্নলিখিতভাবে বন্টন করিতে হইবে :-

- (১) পৌরসভা/সিটি কর্পোরেশনে অবস্থিত সকল হাট-বাজার থেকে প্রাপ্ত ইজারামূল্য হইতে ইজারাজনিত খরচ বাদে অবশিষ্ট মূল আয়ের ৫% অর্থ সেলামীস্বরূপ ইজারার টাকা আদায়ের ৭ (সাত) কার্যদিবসের মধ্যে সরকারকে "৭-ভূমি রাজস্ব" খাতে প্রদান করিতে হইবে।
- (২) ৪৫% অর্থ পৌরসভা/সিটি কর্পোরেশনের অন্তর্গত সংশ্লিষ্ট হাট-বাজারের রক্ষণাবেক্ষণ এবং উন্নয়নের জন্য ব্যয় করিতে হইবে।
- (৩) অবশিষ্ট ৫০% অর্থ পৌরসভা/সিটি কর্পোরেশনের রাজস্ব আয় হিসাবে গণ্য হইবে।

৪। হাট-বাজার সম্পর্কিত জেলা প্রশাসকের দায়িত্ব :

(ক) এই নীতিমালায় যাহা বলা হইয়াছে উহা ব্যতিরেকে নতুন হাট-বাজার প্রতিষ্ঠা, তুলিয়া বা ভাংগিয়া দেওয়া, সীমানা নির্ধারণ, পরিধি সংরক্ষণ, অবৈধ দোকান-পাট তুলিয়া দেওয়া, ঘর-বাড়ি নির্মাণ ও উচ্ছেদ ইত্যাদি যাবতীয় প্রশাসনিক কার্যক্রম ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল, ১৯৯০ এবং এতদবিষয়ে ভূমি মন্ত্রণালয় হইতে সময় সময় জারীকৃত আদেশ/নির্দেশ অনুসরণে জেলা প্রশাসকগণ ব্যবস্থা গ্রহণ করিবেন।

(খ) এই নীতিমালা যে সকল হাট-বাজারের কথা উল্লেখ করা হইয়াছে, উক্ত হাট-বাজার বাদে যদি ঈদ বা অন্য কোন বিশেষ উপলক্ষে অস্থায়ী হাট-বাজার বা মেলা বসানোর প্রয়োজন পড়ে, তবে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/পৌরসভা/সিটি কর্পোরেশন/জেলা প্রশাসকের পূর্ব-অনুমতি গ্রহণ করিয়া প্রচলিত নীতিমালার বিধি-বিধান অনুসরণপূর্বক (যতদূর সম্ভব) উহা ইজারা প্রদান করিবেন। ইজারালব্ধ অর্থের ২০% অর্থ "৭-ভূমি রাজস্ব" খাতে ট্রেজারী চালানোর মাধ্যমে ইজারা প্রদানের ৭ (সাত) কার্যদিবসের মধ্যে জমা প্রদান করিবেন। অবশিষ্ট ৮০% অর্থ সংশ্লিষ্ট পৌরসভা/সিটি কর্পোরেশনের নিজস্ব আয় হিসাবে গণ্য হইবে এবং উপজেলার ক্ষেত্রে উপজেলা উন্নয়ন তহবিলে জমা প্রদান করিতে হইবে। জেলা প্রশাসক এ সম্পর্কে প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক অনুমতি প্রদান করিবেন।

৫। হাট বাজার ব্যবস্থাপনা কমিটি :

হাট বাজারের দৈনন্দিন পরিচালনা, তোলা আদায়, রক্ষণাবেক্ষণ ও উন্নয়নসহ সকল কার্যাবলী দেখাশোনার জন্য প্রতিটি হাট-বাজার পর্যায়ে হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি এবং তাহাদের সম্পাদিত কার্যাবলী তদারকী, নির্দেশ ও পরামর্শ দানের জন্য উপজেলা পর্যায়ে উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনার কমিটি নামে অপর একটি কমিটি গঠন করিতে হইবে। হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক এবং উপজেলা পর্যায়ের কমিটি সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক গঠিত হইবে।

(১) হাট-বাজার ভিত্তিক ব্যবস্থাপনা কমিটি :

(ক) গঠন পদ্ধতি :

নিম্নোক্তরূপে হাট-বাজার ভিত্তিক ব্যবস্থাপনা কমিটি গঠিত হইবে :

(১) সংশ্লিষ্ট হাট-বাজারের স্থায়ী এবং অস্থায়ী সকল দোকান সভাপতি

মালিকগণ কর্তৃক তাহাদের মধ্য হইতে নির্বাচিত

(২) স্থায়ী দোকান মালিকগণ কর্তৃক তাহাদের মধ্য হইতে

সদস্য

নির্বাচিত ১ (এক) জন প্রতিনিধি



- |   |                           |
|---|---------------------------|
| (৩) সংশ্লিষ্ট ওয়ার্ডের ইউপি সদস্য  | সদস্য                     |
| (৪) সংশ্লিষ্ট ওয়ার্ডের সংরক্ষিত ইউপি মহিলা সদস্য   | সদস্য                     |
| (৫) মহিলা দোকানদারদের মধ্য থেকে নির্বাচিত/মনোনীত একজন প্রতিনিধি   | সদস্য (প্রযোজ্য ক্ষেত্রে) |
| (৬) উপজেলা প্রকৌশলী দপ্তরের কমিউনিটি অর্গানাইজার  | সদস্য                     |
| (৭) কমপক্ষে ৬ মাস ব্যবসা করিতেছে এ ধরনের অস্থায়ী ক্ষুদ্র ব্যবসায়ীগণ কর্তৃক তাহাদের মধ্য হইতে নির্বাচিত/মনোনীত ১ (এক) জন প্রতিনিধি | সদস্য                     |
| (৮) স্থানীয় ভ্যান ও রিক্সা চালকগণ কর্তৃক মনোনীত/নির্বাচিত ১ (এক) জন প্রতিনিধি  | সদস্য                     |
| (৯) বাসদ্রোক মালিক সমিতি কর্তৃক একজন মনোনীত প্রতিনিধি   | সদস্য (প্রযোজ্য ক্ষেত্রে) |
| (১০) সংশ্লিষ্ট হাট-বাজার এর স্থায়ী দোকান মালিকগণ কর্তৃক তাহাদের মধ্য হইতে নির্বাচিত একজন প্রতিনিধি                                 | সদস্য-সচিব                |

\* উল্লেখ্য যে, কোন ইজারাদার হাট-বাজার ভিত্তিক ব্যবস্থাপনা কমিটির সদস্য হইতে পারিবে না।

\* নির্বাচন অনুষ্ঠানের কমপক্ষে ৬ মাস পূর্ব হইতে অস্থায়ীভাবে সংশ্লিষ্ট হাট-বাজারে নিয়মিত ব্যবসারত দোকানদারগণ অস্থায়ী দোকান মালিক হিসাবে গণ্য হইবে।

(খ) দায়িত্ব :

- (১) স্ব স্ব হাট-বাজারের সার্বিক উন্নয়ন এবং রক্ষণাবেক্ষণের জন্য ইজারা মূল্য হইতে সংরক্ষিত অর্থের (১৫%-২৫%) আলোকে বার্ষিক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ;
- (২) তোলা আদায়কারীদের তোলা আদায় এবং তোলা সংক্রান্ত যাবতীয় কার্য তদারকী;
- (৩) অনুমোদিত হারের অতিরিক্ত তোলা আদায় এবং তোলা দেওয়া হইতে অব্যাহতি প্রাপ্ত গণ্য/দ্রব্য ক্রেতা এবং বিক্রেতা হইতে তোলা আদায় রোধ করা;
- (৪) অনুমোদিত হারে তোলা আদায় ব্যতীত অন্য কোন প্রকার বে-আইনীভাবে আদায় বা জোরপূর্বক কোনরূপ আদায় এবং ক্রেতা-বিক্রেতারদের হারানী রোধ করা;
- (৫) হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা এবং যথোপযুক্ত স্বাস্থ্য রক্ষার ব্যবস্থার প্রতি লক্ষ্য রাখা;
- (৬) কমিটি ন্যূনপক্ষে মাসে একটি সভায় মিলিত হইবে। উক্ত সভায় হাট-বাজার পরিচালনা, তোলা আদায়, রক্ষণাবেক্ষণ ও উন্নয়নসহ সকল বিষয়ে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করা হইবে এবং উহা উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির নিকট প্রেরণ করিতে হইবে।
- (৭) মহিলা ক্রেতা-বিক্রেতাদের ক্রয় বিক্রয়ে সুবিধা প্রদান।

(২) উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি :

(ক) গঠন পদ্ধতি :

নিম্নোক্তরূপে উপজেলা হাট-বাজার কমিটি গঠিত হইবে :

- |   |          |
|---|----------|
| (১) উপজেরা নির্বাহী অফিসার  | - সভাপতি |
| (২) উপজেলা প্রকৌশলী   | - সদস্য  |
| (৩) সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান   | - সদস্য  |
| (৪) উপজেলা পর্যায়ের একজন গণ্যমান্য ব্যক্তি<br>(জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | - সদস্য  |

- (৫) উপজেলা পর্যায়ের একজন সরকারী কর্মকর্তা - সদস্য  
(জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)
- (৬) উপজেলার সকল হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির - সদস্য  
সভাপতিদের থেকে ২ জন প্রতিনিধি  
(উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত)
- (৭) সহকারী কমিশনার (ভূমি) -সদস্য-সচিব

(খ) দায়িত্ব :

- (১) কমিটি প্রতি মাসে অন্ততঃ একবার বৈঠকে মিলিত হইবে;
- (২) উপজেলার অধীনস্থ সকল হাট-বাজারের সুষ্ঠু ব্যবস্থাপনা, পরিচালনা ও রক্ষণাবেক্ষণের প্রতি নজর রাখা;
- (৩) হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি কর্তৃক প্রণীত উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ পরিকল্পনা পর্যালোচনা ও অনুমোদন দেওয়া;
- (৪) সকল হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির নিয়মিত মিটিং নিশ্চিত করা;
- (৫) হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব যথাযথ পালন হইতেছে কিনা উহার প্রতি লক্ষ্য রাখা;
- (৬) হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি ও উপজেলা হাট-বাজার সমন্বয় কমিটির কার্যাবলী নিয়মিত জেলা প্রশাসককে অবহিত করা ও তাহার পরামর্শ মোতাবেক কাজ করা;
- (৭) অনুমোদিত হারে তোলা আদায় নিশ্চিত করা;
- (৮) হাট-বাজারের শান্তি-শৃঙ্খলার প্রতি নজর রাখা;
- (৯) হাট-বাজারের অবৈধ দখল রোধ করা।

(৩) পৌরসভা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি :

(ক) গঠন পদ্ধতি :

- (১) পৌরসভার চেয়ারম্যান/ প্রশাসক - চেয়ারম্যান
- (২) সহকারী পরিচালক, স্থানীয় সরকার - সদস্য
- (৩) উপজেলা প্রকৌশলী - সদস্য
- (৪) উপজেলা পর্যায়ের দু'জন সরকারী কর্মকর্তা - সদস্য  
(জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)
- (৫) সংশ্লিষ্ট পৌরসভার সকল ওয়ার্ড কমিশনার - সদস্য
- (৬) পৌরসভা এলাকাভুক্ত দু'জন গণ্যমান্য ব্যক্তি - সদস্য  
(জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)
- (৭) পৌরসভা এলাকাভুক্ত কলেজ/স্কুলের একজন - সদস্য  
শিক্ষক (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)
- (৮) সংশ্লিষ্ট পৌরসভার প্রতিটি হাটবাজারের - সদস্য  
দোকানদার/ব্যবসায়িক প্রতিনিধিদের মধ্য হতে  
২ জন প্রতিনিধি
- (৯) সংশ্লিষ্ট পৌরসভার সচিব - সদস্য সচিব

(খ) দায়িত্বঃ

- (১) পৌর এলাকার সকল হাট-বাজারের সার্বিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এবং জেলা প্রশাসককে অনুমোদনক্রমে বাস্তবায়ন;

- (২) তোলা আদায়কারীদের তোলা আদায় এবং তোলা সংক্রান্ত যাবতীয় কার্য তদারকী;
- (৩) অনুমোদিত হারের অতিরিক্ত তোলা আদায় এবং তোলা দেওয়া হইতে অব্যহতি প্রাপ্ত পণ্য/দ্রব্য ক্রেতা এবং বিক্রেতা হইতে তোলা আদায় রোধ করা;
- (৪) অনুমোদিত হারে তোলা আদায় ব্যতীত অন্য কোন প্রকার বেআইনীভাবে আদায় বা জোর-পূর্বক কোনরূপ আদায় এবং ক্রেতা বিক্রেতাদের হয়রানী রোধ করা;
- (৫) হাট-বাজারের শান্তি-শৃঙ্খলা রক্ষা করা;
- (৬) হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা এবং যথোপযুক্ত স্বাস্থ্য রক্ষা ব্যবস্থার প্রতি লক্ষ্য রাখা;
- (৭) হাট-বাজার এলাকায় জমি অবৈধভাবে দখল এবং উহাতে দালান-কোঠা নির্মাণ না করিতে দেওয়া;
- (৮) প্রত্যেকটি হাটে প্রয়োজনীয় সংখ্যক ল্যাট্রিন/ইউরিনাল নির্মাণ নিশ্চিতকরণ;
- (৯) কমিটি ন্যূনপক্ষে মাসে একটি সভায় মিলিত হইবে। উক্ত সভায় হাট-বাজারের পরিচালনা, তোলা আদায়, রক্ষণাবেক্ষণ ও উন্নয়নসহ সকল বিষয়ে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করা হইবে এবং উহা জেলা প্রশাসকের নিকট প্রেরণ করিতে হইবে।

(গ) কোরাম : সকল স্তরের হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সভায় সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে এক চতুর্থাংশ সদস্যের উপস্থিতি 'কোরাম' বলিয়া বিবেচিত হইবে এবং উল্লেখিত কমিটিসমূহের মেয়াদ কমিটি গঠন করার প্রথম সভা থেকে তিন বৎসর মেয়াদের জন্য হইবে।

#### ৬। জেলা পর্যায়ে নিয়মিত মাসিক রাজস্ব সভায় পর্যালোচনা :

সংশ্লিষ্ট জেলা প্রশাসক জেলা পর্যায়ে অনুষ্ঠিত ভূমি প্রশাসন সংক্রান্ত বৈঠকে উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সুপারিশ এবং জেলার সমস্ত হাট-বাজারের সার্বিক অবস্থা পর্যালোচনা ও মূল্যায়ন করিয়া স্থানীয় সরকার বিভাগ এবং ভূমি মন্ত্রণালয়কে অবহিত রাখিবেন এবং উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সুপারিশ সম্পর্কে বিস্তারিত আলোচনাপূর্বক তাৎক্ষণিক সিদ্ধান্ত প্রদান ও উহার বাস্তবায়ন নিশ্চিত করিবেন।

#### ৭। মুক্তিযোদ্ধা সংগঠনকে প্রতি জেলায় একটি হাটের লব্ধ আয় প্রদান :

(ক) মুক্তিযোদ্ধা সংগঠনের অনুকূলে প্রতি জেলায় একটি হাট নির্ধারণের বিষয়ে নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে :

- (১) সংশ্লিষ্ট জেলা প্রশাসক, স্থানীয় মুক্তিযোদ্ধা সংসদ এর জেলা কমান্ডার ও কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের সহিত পরামর্শক্রমে মুক্তিযোদ্ধা সংগঠনের অনুকূলে ৫ (পাঁচ) বৎসরের জন্য নতুনভাবে যে কোন মূল্যের একটি হাট নির্ধারণ করিবেন। মুক্তিযোদ্ধা সংগঠনের জন্য চিহ্নিত হাট-বাজার থেকে প্রাপ্ত ইজারা মূল্য হইতে ইজারাজনিত খরচ নির্বাহ করিতে হইবে।
- (২) চিহ্নিত হাট-বাজারটির পূর্ববর্তী ৩ (তিন) বৎসরের ইজারার গড় মূল্য উক্ত হাট-বাজারের নির্ধারিত মূল্য হিসাবে গণ্য করিতে হইবে এবং এই মূল্যই পরবর্তী ৫ (পাঁচ) বৎসরের জন্য বলবৎ থাকিবে। ৫ (পাঁচ) বৎসর মেয়াদ পূর্তির পূর্বে সরকারের অনুমোদন ছাড়া অন্য কোন হাট-বাজার চিহ্নিত করা যাইবে না। নির্ধারিত ভিত্তিমূল্যের অতিরিক্ত প্রাপ্ত ইজারা মূল্যই হইবে মুক্তিযোদ্ধাদের কল্যাণের জন্য প্রাপ্য টাকা। ইজারা মূল্যের টাকা হইতে নির্ধারিত মূল্যের অতিরিক্ত প্রাপ্ত অর্থ সংশ্লিষ্ট জেলা প্রশাসক

মুক্তিযোদ্ধাদের কল্যাণে ব্যয়ের জন্য বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের নিকট প্রেরণ করিবেন এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়কে এই বিষয়ে অবহিত রাখিবেন।

- (৩) পৌরসভার একলাকধীন হাট-বাজার মুক্তিযোদ্ধা সংগঠনের জন্য চিহ্নিত করা হইলে হাট-বাজারটির নির্ধারিত মূল্য নিম্নবর্ণিত পদ্ধতিতে বন্টন করিতে হইবেঃ
- (অ) নির্ধারিত মূল্যের ৫% অর্থ ইজারার টাকা আদায়ে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে সরকারকে “৭-ভূমি রাজস্ব” খাতে প্রদান;
- (আ) ৪৫% অর্থ সংশ্লিষ্ট হাট-বাজারের রক্ষণাবেক্ষণ এবং উন্নয়ন ব্যয়ের জন্য সংশ্লিষ্ট পৌরসভাকে প্রদান;
- (ই) অবশিষ্ট ৫০% অর্থ সংশ্লিষ্ট পৌরসভাকে প্রদান।
- (৪) ৫ (পাঁচ) বৎসর অতিক্রান্ত হওয়ার পর সংশ্লিষ্ট জেলা প্রশাসক স্থানীয় মুক্তিযোদ্ধা সংসদের জেলা কমান্ডার ও কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের সাথে পরামর্শক্রমে সংশ্লিষ্ট জেলার অন্তর্গত অন্য যে কোন একটি হাট পরবর্তী ৫ (পাঁচ) বৎসরের জন্য চিহ্নিত করিবেন এবং চিহ্নিত হাটের পূর্ববর্তী ৩ (তিন) বৎসরের ইজারা মূল্যের গড় মূল্যই পরবর্তী ৫ (পাঁচ) বৎসরের জন্য সেই হাটের নির্ধারিত মূল্য হিসাবে গণ্য হইবে।
- (৫) সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক স্ব স্ব এলাকার নির্ধারিত হাটটি সীল মোহরযুক্ত দরপত্রের মাধ্যমে সর্বোচ্চ ডাকদাতার অনুকূলে বাংলা বৎসর ভিত্তিক এক বৎসরের জন্য ইজারা প্রদান করিবেন। বর্তমানে নির্ধারিত অফিসসমূহসহ সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধা জেলা কমান্ড কার্যালয়েও একটি টেন্ডার বাস্তব রাখিতে হইবে। নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে সীলমোহরযুক্ত প্রাপ্ত এইসব দরপত্র জেলা কমান্ড কর্তৃক জেলা প্রশাসকের দপ্তরে পাঠাইতে হইবে। জেলা প্রশাসকের অফিসে সংশ্লিষ্ট সকলের উপস্থিতিতে সীলমোহর-যুক্ত দরপত্রগুলো খোলা হইবে। দরপত্র খোলার সময় মুক্তিযোদ্ধা সংসদের প্রতিনিধি উপস্থিত থাকিতে পারিবেন।
- (৬) প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করিতে হইবে। উক্ত দরের অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজার হইতে প্রাপ্ত আয়ের চাইতে (পূর্ববর্তী বৎসরের আয় হইতে) কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করিতে হইবে। দ্বিতীয়বার দরপত্র আহবান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী বৎসরের আয়ের চাইতে কম হয় তাহা হইলে তৃতীয়বার দরপত্র আহবান করিতে হইবে। তৃতীয়বার দরপত্র আহবান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী বৎসরের আয়ের চাইতে কম হয় তাহা হইলে দর কম হওয়ার কারণ উদ্ঘাটন এবং তাহা লিপিবদ্ধ করিয়া জেলা প্রশাসক যথোপযুক্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন এবং গৃহীত সিদ্ধান্ত মন্ত্রণালয়কে অবহিত করিবেন।
- (খ) সংশ্লিষ্ট জেলা প্রশাসক মুক্তিযোদ্ধা সংগঠনের জন্য চিহ্নিত পৌরসভা এলাকাধীন হাট-বাজার ব্যতিরেকে অন্যান্য হাটের নির্ধারিত মূল্যের টাকা নিম্নে বর্ণিত পদ্ধতিতে বন্টন করিবেন :
- (১) নির্ধারিত মূল্যের ৫% অর্থ সেলামীস্বরূপ ইজারার টাকা আদায়ের ৭ (সাত) কার্যদিবসের মধ্যে সরকারকে “৭-ভূমি রাজস্ব” খাতে প্রদান;
- (২) ২৫% অর্থ হাট-বাজারের উন্নয়ন/রক্ষণাবেক্ষণের জন্য সংশ্লিষ্ট উপজেলা উন্নয়ন তহবিলে প্রদান (সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এই ২৫% অর্থের ১৫% অর্থ অত্র নীতিমালার ৩(ক) (৩) এবং অবশিষ্ট ১০% অর্থ ৩(ক)(৪) এর অনুসরণে বন্টন করিবেন);
- (৩) ২০% অর্থ ইউনিয়ন পরিষদের সচিব, দফাদার ও মহল্লাদারদের বেতন প্রদান বাবদ



ইজারার টাকা আদায়ের ৭ (সাত) কার্যদিবসের মধ্যে “৭-ভূমি রাজস্ব” খাতের অধীনে “৪-হাট-বাজার ইজারা হইতে জমা” নামক গৌণ খাতে ট্রেজারী চালানোর মাধ্যমে জমাদান ও চালানোর ১ কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করিতে হইবে;

- (৪) ৫% অর্থ সংশ্লিষ্ট বাজারটি যে ইউনিয়নে অবস্থিত সেই ইউনিয়ন পরিষদকে প্রদান করিতে হইবে;
- (৫) ৪৫% অর্থ সংশ্লিষ্ট উপজেলা উন্নয়ন তহবিলে ইজারার টাকা আদায়ের ৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রদান করিতে হইবে।

৮। উপজেলা পরিষদ এবং খ ও গ শ্রেণীর পৌরসভা কর্তৃক নিয়ন্ত্রিত হাট-বাজারসমূহ বিধি মোতাবেক ইজারা প্রদানে ব্যর্থতা, ইজারা মূল্যের অন্ততঃ ১৫% অর্থ উপজেলা পরিষদ কর্তৃক এবং ৪৫% অর্থ পৌরসভা কর্তৃক সংশ্লিষ্ট হাটের রক্ষণাবেক্ষণে ব্যয় না করা, ইজারালব্ধ অর্থের নির্দিষ্ট অংশ যথাসময়ে সরকারী খাতে জমা না দেওয়া, ইজারার সম্পূর্ণ অর্থ গ্রহণ না করিয়া বা ইজারা চুক্তি সম্পাদন না করিয়া ইজারাদারের নিকট হাট-বাজারের দখল হস্তান্তরসহ এতদসংক্রান্ত অন্যান্য অনিয়ম প্রমাণিত হইলে উক্ত উপজেলা নির্বাহী অফিসার এবং পৌরসভা চেয়ারম্যানের ইজারা প্রদানের ক্ষমতা বাতিলসহ আইনগত ব্যবস্থা সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকগণ গ্রহণ করিবেন এবং কথিত হাট-বাজার ইজারা প্রদান করিবেন। অনুরূপভাবে ক শ্রেণীর পৌরসভা এবং সিটি কর্পোরেশনের ক্ষেত্রে উপরোক্ত অনিয়ম পরিলক্ষিত হইলে বিভাগীয় কমিশনার সংশ্লিষ্ট পৌরসভার চেয়ারম্যান/প্রশাসক এবং সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তার ইজারা প্রদানের ক্ষমতা বাতিলসহ আইনগত ব্যবস্থা গ্রহণ করিবেন এবং কথিত হাট-বাজার ইজারা প্রদান করিবেন।

৯। (ক) হাট-বাজার ইজারা প্রদানকালে স্থিরকৃত মূল্যের উপর ইজারা গ্রহীতার নিকট হইতে অতিরিক্ত ৩% আয়কর আদায় করিতে হইবে। এখানে উল্লেখ্য যে, দরপত্র আহবানের সময়ে আয়কর আদায়ের বিষয়টিও দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখ করিতে হইবে। আদায়কৃত আয়করের টাকা নিম্নলিখিত খাতে জমা প্রদান করিতে হইবে:

“আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৩৯(৩) ২(২০) ধারা অনুযায়ী ইজারাগ্রহীতা ‘কোম্পানী’ মর্যাদার হইলে আদায়কৃত অর্থ “১/১১৪১/০০০০/০১০১ আয়কর কোম্পানীসমূহ “১-আয়কর কোম্পানীজ” খাতে এবং ইজারা গ্রহীতা কোম্পানী ব্যতীত মর্যাদার হইলে আদায়কৃত অর্থ “১/১১৪১/০০০০/০১১১-আয়কর কোম্পানী ব্যতীত” “২-আয়কর কোম্পানীজ ব্যতীত” খাতে জমা প্রদান করিতে হইবে”।

(খ) হাট-বাজার ইজারা প্রদানকালে স্থিরকৃত মূল্যের উপর ইজারা গ্রহীতার নিকট হইতে অতিরিক্ত ১৫% অর্থ মূল্য সংযোজন কর (ভ্যাট) আদায় করিতে হইবে। এখানে উল্লেখ্য যে, দরপত্র আহবানের সময় মূল্য সংযোজন কর (ভ্যাট) আদায়ের বিষয়টিও দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখ করিতে হইবে। আদায়কৃত মূল্য সংযোজন করের (ভ্যাট) টাকা “১/১১৩৩/০০০০/০৩১১” কোড নম্বরে ট্রেজারী চালানোর মাধ্যমে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক জমা প্রদান করিতে হইবে। নিম্নবর্ণিত দুইটি ক ও খ মূসক নিবন্ধন পত্র যথাযথভাবে পূরণপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করিতে হইবেঃ



## ছক-ক

দ্রষ্টব্যঃ সাধারণ আদেশ নং ..../মুসক/৯৯, তারিখ : ...../...../..... ইং

- (১) ইজারাদারের নাম ও ঠিকানা :
- (২) কর সনাক্তকরণ নম্বর :
- (৩) যে স্থান বা স্থাপনার জন্য ইজারা গ্রহণ করা হয়েছে :
- (৪) ইজারামূল্য (মূল্য সংযোজন কর বাদে) :
- (৫) আদায়কৃত মূল্য সংযোজন কর (ইজারামূল্যের ১৫% হারে) :
- (৬) যে ট্রেজারী চালানোর মাধ্যমে তা সরকারী ট্রেজারীতে জমা প্রদান করা হয়েছে তার নম্বর ও তারিখ :

(ট্রেজারী চালানোর কপি/ফটোকপি অনুগ্রহপূর্বক সংযুক্ত করুন)

তারিখ :

আদায়কারী কর্তৃপক্ষের নাম স্বাক্ষর ও সীল

## ছক-খ

দ্রষ্টব্যঃ সাধারণ আদেশ নং ..../মুসক/৯৯, তারিখ : ...../...../..... ইং

- (১) ইজারাদারের নাম ও ঠিকানা :
- (২) মুসক নিবন্ধন সংখ্যা :
- (৩) যে স্থান বা স্থাপনার জন্য ইজারা গ্রহণ করা হয়েছে :
- (৪) ইজারা প্রদানকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা :
- (৫) ইজারা গ্রহণের তারিখ ও মেয়াদ :
- (৬) ইজারা বিড় মূল্য (মুসক বাদে) :
- (৭) প্রদত্ত মূল্য সংযোজন কর (ইজারামূল্যের ১৫% হারে) :
- (৮) ট্রেজারী চালানোর নম্বর ও তারিখ :

তারিখ :

আদায়কারী কর্তৃপক্ষের নাম স্বাক্ষর ও সীল

১০। দেশের অনেক হাট-বাজারেই ইতোমধ্যে সরকারী অর্থে অথবা বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পের আওতায় মহিলা ব্যবসায়ীদের জন্য দোকান নির্মাণ করা হইয়াছে। অবশিষ্ট হাট-বাজারসমূহেও এই কার্যক্রম অব্যাহত রাখা হইবে এবং ঐ সকল দোকান বরাদ্দ এবং রক্ষণাবেক্ষণ সংক্রান্ত অত্র বিভাগ হইতে স্মারক নং-প্রজেই-২/হ-১৪/৯৯/৩৯৬(৫৭৩৩) তারিখ : ২২-৮-২০০২ ইং (৭ ভাদ্র, ১৪০৮ বাং) এ জারীকৃত নীতিমালা অনুসরণ করিতে হইবে।

১১। এই নির্দেশমালায় যাহাই বলা হউক না কেন স্থানীয় সরকার বিভাগ প্রয়োজনবোধে ও জনস্বার্থে যে কোন সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

১২। এই নির্দেশমালা যথাযথভাবে বাস্তবায়নের বিষয়টি সংশ্লিষ্ট সকলকে নিশ্চিত করিতে হইবে। ইহা ১৪১০ বাংলা সালের ১লা বৈশাখ হইতে কার্যকর হইবে। উল্লেখ্য যে, এই নির্দেশমালা রাংগামটি, খাগড়াছড়ি এবং বান্দরবান পার্বত্য জেলাসমূহের ক্ষেত্রে প্রযোজ্য নহে।

এই নির্দেশমালা পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকিবে।

স্বা/- (এ. ওয়াই.বি. আই. সিদ্দিকী)  
সচিব।

স্মারকনং প্রজেই-২/হ-৫/২০০০/৪০৮/১(১৭)

তারিখ : ১৪০৯ বাং  
, , ২০০২ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

- (১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ।
- (২) মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- (৩) সচিব, মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ/অর্থ বিভাগ/ আভ্যন্তরীণ সম্পর্ক বিভাগ/ ভূমি / স্পেশাল এফেয়ার্স বিভাগ/ মন্ত্রণালয়।
- (৪) চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, ঢাকা/ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- (৫) বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট।
- (৬) প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- (৭) চেয়ারম্যান, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, ঢাকা।

স্বা/- (মাইন উদ্দিন খন্দকার)  
সিনিয়র সহকারী সচিব।

স্মারক নং প্রজেই-২/হ-৫/২০০০/৪০৮/২(৪৬)

তারিখ : ৫ই শ্রাবণ, ১৪০৯ বাংলা  
২০ই জুলাই, ২০০২ ইং

সদয় অবগতির জন্য অনুলিপি দেওয়া হইলঃ

- (১) যুগ্ম-সচিব (প্রশাসন/উন্নয়ন/পাস), অত্র বিভাগ।
- (২) মহা-পরিচালক (মইই), অত্র বিভাগ।
- (৩) মহা-পরিচালক, এন আই এল জি, ঢাকা।
- (৪) মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, অত্র মন্ত্রণালয়।
- (৫) উপ-সচিব (সকল)/পরিচালক (সকল) অত্র বিভাগ।
- (৬) উপ-প্রধান (পরিকল্পনা কোষ), অত্র বিভাগ।
- (৭) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, অত্র মন্ত্রণালয়।
- (৮) উপ-মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, অত্র মন্ত্রণালয়।
- (৯) সচিব মহোদয়ের একান্ত সচিব, অত্র বিভাগ।
- (১০) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল) অত্র বিভাগ।

স্বা/- (মাইন উদ্দিন খন্দকার)  
সিনিয়র সহকারী সচিব।